স্বীয় স্বভাবজাত তীক্ষ্ণ ধী-শক্তির ভিত্তিতে তিনি মাত্র তের বছর দশ মাস পাঁচ দিনের বয়সে সমস্ত গবেষণাগত ও চিন্তাগত পাঠের জ্ঞানার্জন সমাপ্ত করেন এবং 'দস্তারে ফযীলত' (শেষবর্ষ সনদ ও সম্মানসূচক পাগড়ী-প্রতীক) দ্বারা ভূষিত হন। ওই দিনই (১৪ই শা'বান, ১২৮৬ হিজরী মোতাবেক ১৯ নভেম্বর ১৮৬৯) মায়ের স্তন্যপান সম্পর্কিত একটা ফাতওয়া লিখে তাঁর পিতার নিকট পেশ করলেন। তা এতোই সঠিক ছিলো যে, তা দেখে প্রবীণ মুফতীগণও হতবাক হয়ে গেলেন। সুতরাং তাঁর সম্মানিত পিতা মাওলানা নক্বী আলী খান (রাহমাতুল্লাহি আলায়হি) ওই দিন 'ফাতওয়া-প্রদান'-এর দায়িত্বভার তাঁকেই অর্পণ করলেন।

উর্দু ও ফার্সি ভাষার বিতাবাদি অধ্যয়নের পর হযরত মীর্যা গোলাম ক্বাদের বেগ (রাহমাতুল্লাহি আলায়হি)-এর নিকট 'মীযান-মুনশা'ইব' ইত্যাদির শিক্ষার্জন করেন। অতঃপর তিনি নিজ সম্মানিত পিতা আলিমকুল মুকুট ও বিজ্ঞ জ্ঞানীকুল সনদ মাওলানা শাহ নক্বী আলী খান (রাহমাতুল্লাহি আলায়হি)-এর নিকট নিম্নলিখিত ২১ বিষয়ে শিক্ষালাভ করলেন : ১. ইল্মে ক্বোরআন, ২. ইল্মে তাফসীর, ৩. ইল্মে হাদীস, ৪. উসূলে হাদীস, ৫. হানাফী-ফিক্বহের কিতাবাদি, ৬. শাফে'ঈ, মালেকী ও হাম্বলী-ফিক্বহের কিতাবাদি, ৭. উসূলে ফিক্বহ, ৮. জাদাল-ই মুহাযযাব, ৯. ইল্মে আক্বাইদ ও কালাম (যা বাতিল মাযহাবগুলোর খণ্ডনের জন্য প্রবর্তিত হয়েছে), ১০. ইল্মে নাহ্জ, ১১. ইল্মে সরফ, ১২. ইল্মে মা'আনী, ১৩. ইল্মে বয়ান, ১৪. ইল্মে বদী', ১৫. ইল্মে মানতিক্ব, ১৬. ইল্মে মুনাযারাহ, ১৭. ইল্মে ফালসাফাহ মুদাল্লাসাহ, ১৮. ইবতিদায়ী ইল্মে তাকসীর, ১৯. ইবতিদায়ী ইল্মে হাইআত, ২০. ইল্মে হিসাব (অংকশাস্ত্র) এবং ২১. ইল্মে হিনদাসাহ (প্রকৌশল বিদ্যা)।

বাই'আত : আ'লা হযরত সম্মানিত পিতা মাওলানা নক্বী আলী খান (রাহমাতুল্লাহি আলায়হি)-এর সাথে ওলীকুল সরদার যুগের কুতুব সৈয়দ আলেক্সান্দার সাহেব মারহারাভীর দরবারে হাযির হয়ে ক্বাদেরিয়া সিল্‌সিলার বাই'আত গ্রহণ করে ধন্য হন। মুরশিদে বরহক্ব তাঁর ইল্মে বাতেনী (আধ্যাত্মিক জ্ঞান)কেও পরিপূর্ণ করে দিলেন, সমস্ত সিল্‌সিলার খিলাফত, বাই'আতের ইজাযত এবং হাদীসের সনদ দ্বারা ধন্য করেন। বাই'আতের পরক্ষণে তিনি হাযেরানে মজলিসের উদ্দেশ্যে বললেন, "ক্বিয়ামতে যদি মহান রব আমাকে জিজ্ঞাসা করেন- তুমি আমার জন্য কি এনেছো? তখন আমি 'আহমদ রেযা'কে পেশ করে দেবো।"

মুরশিদে বরহক্বের ওফাতের পর তরীকুতের কিছু কিছু শিক্ষা, অনুরূপভাবে, 'ইল্মে তাকসীর' ও 'ইবতিদায়ী ইল্মে জুফর' ইত্যাদি ওস্তাদুস্ সালাকীন হযরত মাওলানা সাইয়্যেদ আবুল হোসাইন আহমদ নূরী মারহারাভী (রাহমাতুল্লাহি আলায়হি)-এর নিকট থেকে হাসিল করেন। 'শরহে চাগমীনী'র কয়েকটা খণ্ড হযরত মাওলানা আবদুল আলী রামপুরী (রাহমাতুল্লাহি আলায়হি)-এর নিকট অধ্যয়ন করেন।

খোদাপ্রদত্ত জ্ঞান : মহান রবের অনুগ্রহ ও নবী পাকের বদান্যতার কৃপাদৃষ্টি তাঁর প্রতি পড়লো, যার ফলশ্রুতিতে তিনি কোন ওস্তাদের নিকট পড়া ছাড়াও নিরোক্ত খোদাপ্রদত্ত নূরানী অন্তর্দৃষ্টি দ্বারাই নিম্নলিখিত বিষয়াদিতে দক্ষতা অর্জন করেন এবং সেগুলোতে 'শায়খ' ও 'ইমাম'-এর মর্যাদা লাভ করেনঃ

১. ক্বিরআত, ২. তাজতীদ, ৩. তাসাওফ, ৪. সুলুক, ৫. ইলমুল আখলাক্ব, ৬. আসমাউর্ রিজাল, ৭. সিয়ার, ৮. ইতিহাস, ৯. অভিধান/ভাষা, ১০. আদব (সাহিত্য- সবক'টি ভাষার), ১১. আরিসমাত্বী-ক্বী, ১২. জবর ও মুক্বাবালাহ, ১৩। হিসাব-ই সিন্তীনী, ১৪. লুগারিথম, ১৫. ইল্মুত'তাবুদীত (বর্ষপঞ্জী-বিদ্যা), ১৬. ইলমুল আকর, ১৭. যীজাত, ১৮. মুসাল্লাস-ই কুরাতী, ১৯. মুসাল্লাস-ই মুসাব্বাহ, ২০. হাইআত-ই জাদীদাহ (ইংরেজী দর্শন), ২১. মুরাক্বা'আত, ২২. মুত্তাহা

ইল্মে জুফার, ২৩. ইল্মে যাইচাহ, ২৪. ইল্মে ফরাইয, ২৫.
আরবী কবিতা, ২৬. ফার্সী কবিতা, ২৭. হিন্দী কবিতা, ২৮.
আরবী গদ্য, ২৯. ফার্সী গদ্য, ৩০. হিন্দী গদ্য, ৩১. পাণ্ডুলিপি,
৩২. নাস্তালীক-লিপি, ৩৩. মুত্তাহা ইল্মে হেসাব, ৩৪.
মুত্তাহা ইল্মে হাইআত, ৩৫. মুত্তাহা ইল্মে হিন্দাসাহ, ৩৬.
মুত্তাহা ইল্মে তাকসীর, ২৭. কোরআন মজীদ লিখন-পদ্ধতি।

হযূর সাল্লাল্লাহু তা'আলা আলাইহি ওয়া সাল্লাম-এর ফযীলত ও জীবন-চরিত এবং আক্বাইদ বিষয়ে আ'লা হযরত ৬৩ খানা কিবাত লিখেছেন। হাদীস ও উসূলে হাদীসের উপর ১৩টি কিতাব, ইলমে কালাম ও মুনাযারাহ বিষয়ে ৩৫টি কিতাব, ফিক্বহ ও উসূলে ফিক্বহ বিষয়ে ৫৯টি কিতাব লিখেছেন। বিভিন্ন বাতিল বা ভ্রান্ত মতবাদীদের খণ্ডনে ৪০০-এরও অধিক সংখ্যক কিতাব লিখে, রসূলে পাকের বিরুদ্ধে অপসমালোচনাকারীদের মুখ বন্ধ করে দিয়েছেন। ফলে, চতুর্দিকে 'না'রা-ই রিসালত'-এর ধ্বনিতে আকাশ-বাতাস মুখরিত হয়ে ওঠছে। এতো সংখ্যক লেখনীর জ্ঞানগত অবদান ছাড়াও তাঁর ফিক্বহ শাস্ত্রের বিরাটাকার গ্রন্থ হচ্ছে- 'ফাতওয়া-ই রেয্‌ভিয়াহ', যার পূর্ণ নাম হচ্ছে- 'আল-আত্বোয়ানু নবভিয়াহ ফিল ফাতা-ওয়ার রেযভিয়াহ'। এ গ্রন্থটি ১২ খণ্ডে সমাপ্ত। গ্রন্থটির এ' পর্যন্ত ৫/৬ খণ্ড পর্যন্ত প্রকাশিত হয়েছে। (বর্তমানে পূর্ণ ১২ খণ্ডে উক্ত ফাতওয়া গ্রন্থ প্রকাশিত হয়েছে। তাছাড়া, তাতে উল্লেখিত আরবী-ফার্সীর উদ্ধৃতি-গুলোর উর্দু অনুবাদ সহকারে প্রকাশ করলে তা ৩০ খণ্ডে প্রকাশিত হবে বলে জানা যায়।) ফাতওয়া গ্রন্থের ইতিহাসে এটা এক বিশেষ মর্যাদা দখল করে আছে।

আল্লাহ্ তা'আলা আ'লা হযরতকে অগণিত জ্ঞান ও বিষয়ে পাণ্ডিত্য দান করেছেন। তাঁর বক্ষদেশ ছিলো বহু ধরনের জ্ঞানের ভাণ্ডার। তিনি প্রায় ৫০টি বিষয়ে এক হাজারেরও অধিক গ্রন্থ-পুস্তক-পুস্তিকা লিখেছেন। এমনিতে তাঁর জ্ঞানগত অবদানের বর্ণনা খুবই দীর্ঘ, খুবই প্রশস্ত, তবুও তন্মধ্যে তাঁর সর্বাধিক উল্লেখযোগ্য অবদান হচ্ছে- 'তরজমা-ই কোরআন মজীদ' বা 'পবিত্র কোরআনের অনুবাদ'। তিনি পবিত্র কোরআনের উর্দু ভাষায় অনুবাদ করেছেন সত্য, কিন্তু সেটার মানগত দিক নিয়ে বিচার করলে সেটাকে একটি 'ইলহামী তরজমা' (নিরেট খোদায়ী প্রেরণা সঙ্গাত অনুবাদ) বললেও মোটেই অত্যুক্তি হবে না। তাঁর এই তরজমাগ্রন্থ হচ্ছে- 'কানযুল ইমান'। এই গ্রন্থটা বাজারে অনুবাদগুলোর মধ্যে অনন্য স্থানের দাবীদার। কানযুল ইমান ও অন্যান্য অনুবাদগুলোর মধ্যকার বাস্তব পার্থক্য নিরূপণের জন্য 'কোরআন মজীদের ভুল অনুবাদগুলো চিহ্নিতকরণ' শীর্ষক অধ্যায়ে তুলনামূলক পর্যালোচনা দেখুন।

ইসলামী বিশ্বে এমন একজন আলিম গোচরীভূত হওয়া বড়ই দুকর ব্যাপার, যিনি এতো বেশি সংখ্যক বিষয়ে জ্ঞান-দক্ষতা রাখেন। আ'লা হযরত এতগুলো বিষয়ে শুধু জ্ঞানার্জন করেন নি, বরং প্রতিটি বিষয়ে তাঁর গভীর জ্ঞানের কোন না কোন স্থিতিও রেখে গেছেন।

আবার উপরে যেসব বিষয়ের তালিকা দেওয়া হয়েছে, তন্মধ্যে কোন কোনটি ফায়েলে বেরলভী নিজেই বর্জন করেছেন, আর

বাকীগুলো গ্রহণ করেছেন। তিনি এই গ্রহণ ও বর্জনের প্রসঙ্গে বলেছেন :

“আমি ওই সময় থেকে প্রাচীন দর্শনকে বর্জন করেছি, যখন আমি বুঝতে পারলাম যে, তাতে বাহ্যিক চাকচিক্য ব্যতীত কিছুই নেই। এর অন্ধকার ও রং এমনই ছাইয়ে যায় যে, তা দ্বীন-ধর্মকেও ছিনিয়ে নেয়। বস্তুতঃ এই অন্ধকারের কারণে ক্বিয়ামতের ভয় হ্রাস পায়। সুতরাং আমি আমার দায়িত্বের প্রতি গভীর দৃষ্টি দিলাম এবং ‘হাইআত’ (জ্যামিনিত), ‘হিন্দাসাহ’ (প্রকৌশলবিদ্যা), নুজুম (জ্যোতির্বিদ্যা), লোগারিথম ও ‘ফুনুন রিয়াযী’ (অংক শাস্ত্র)-এর প্রতি আমার আগ্রহ এজন্য নেই যে, তাতে বেশি পরিমাণে অনুশীলন হবে সত্য, কিন্তু এ মনোযোগ হবে নিছক বিনোদনের জন্য। অবশ্য তা দ্বারা সময় নির্ধারণ ও পরিবর্তনের ক্ষেত্রে সহায়তা পাওয়া যায়, যার ফলে মুসলমানগণ তাঁদের নামায-রোযার সময়সূচী যাচাই করার জন্য উপকার পান।”

আ'লা হযরত আরো বলেন, তিনটি বিষয়ে আমার আগ্রহ খুব বেশি এবং সেগুলোর মধ্যে ব্যস্ত থাকার সামর্থ্যও আমাকে দেয়া হয়েছে। ওইগুলো হচ্ছে নিম্নরূপ :

১. সাইয়্যেদুল মুরসালীন সালাওয়া-তুলাহি তা'আলা ওয়া সালামুহু আলায়হি ওয়া আলায়হিম আজমা'ঈন-এর পক্ষ সমর্থনে আত্মনিয়োগ করা; কেননা, প্রতিটি নিকৃষ্ট ওয়াহী হুযূরের প্রতি অশালীন ও অবমাননাকর উক্তি করার মতো জঘন্য কাজটি করেই যাচ্ছে। আমার জন্য এতটুকুই যথেষ্ট যদি তিনি তা কবুল করেন। বস্তুতঃ মহান রবের করুণা সম্পর্কে আমার এমনই দৃঢ় বিশ্বাস যেমন তিনি নিজেই এরশাদ করেছেন, "আমি আমার বান্দার সাথে তার ভালো ধারণা অনসারেই ব্যবহার করি।"

২. এতদ্ব্যতীত, অন্যান্য বিদ্‌আতীদের মূলোৎপাটন, যারা
দ্বীনের দাবীদার, অথচ তারা নিছক ফ্যাসাদকারীই।

৩. সাধ্যানুসারে ও সুসম্পষ্টভাবে হানাফী মযহাবানুসারে ফাতওয়া প্রণয়ন।

শিক্ষাদান : আ'লা হযরত (রাহ্মাতুল্লাহি আলায়হি) যখন বেরিলী শরীফে ধীনী শিক্ষা প্রতিষ্ঠানের ভিত্তি প্রস্তর স্থাপন করলেন, তখন এলাকার সমস্ত মাদ্রাসা আযাদী-আন্দোলন দ্বারা প্রভাবিত হয়ে পড়েছিলো। তখন জ্ঞান-পিপাসুদের জন্য অপরিহার্য ছিলো জ্ঞান-পিপাসা নিবারণের মতো কোন একটা স্থান গোচরীভূত হওয়া। সুতরাং তিনি বেরিলী শরীফে ধীনী-শিক্ষার মহা প্রতিষ্ঠান তদানীন্তন 'মিসবাহুন্নাহযীদ' প্রতিষ্ঠা করলেন, যা আজও 'মানযার-ই ইসলাম' নামে ক্বায়ম রয়েছে।

যখন আ'লা হযরতের জ্ঞান-গরিমা ও গুণাবলীর প্রসিদ্ধি চতুর্দিকে ছড়িয়ে পড়লো, তখন পাক-বাংলা-ভারত উপমহাদেশ ছাড়াও মুসলিম বিশ্বের অন্যান্য দেশ থেকে শিক্ষার্থীরা এই জ্ঞান-গুলিস্তানে পৌছে নিজেদের হৃদয়-মনকে সুবাসিত করতে লাগলো। তারা পৃথিবী ও বৈশ্বিক জ্ঞানের পায়কর হয়ে বিশ্বের আনাচে-কানাচে জ্ঞানের আলো ছাড়া অন্যদেরকেও আলোকিত করার মহান ব্রত নিয়ে ছড়িয়ে

পড়লেন। তাঁর শাগরিদ বা ছাত্রদের সংখ্যা এতো বেশি ছিলো যে, তাঁদের সংখ্যা সঠিকভাবে নিরূপণ করা যায় না।

অবশ্য, আ'লা হযরতের প্রসিদ্ধ ছাত্ররা তাঁর বরকতময় চিন্তাধারাকে উন্নতির চরম শিখরে পৌঁছিয়ে দিয়েছেন। যার ফলশ্রুতিতে এ উপমহাদেশে 'হানাফিয়াত' (হানাফী মযহাবের চর্চা) তাঁরই শুভ পদচারণায় জীবিত রয়েছে; নূতবা, আবুল ফযল ও ফযযীর অনুসারীরা উপমহাদেশে তাদের অবস্থানকে দৃঢ়তর করার চিন্তা-ভাবনায় নিমজ্জিত ছিলো। তারা আকবরের তথাকথিত 'দ্বীন-ই ইলাহী'কে পুনরায় প্রতিষ্ঠা করার অপচেষ্টা চালাচ্ছিলো। কিন্তু আ'লা হযরতের ক্ষুরধার মসির সামনে কারো মাথাচাড়া দেওয়ার অবকাশই থাকে নি।

ইংরেজদের প্রতি ঘৃণা : আ'লা হযরত (রাহমাতুল্লাহি আলায়হি) ইংরেজদের ধর্মাচার, তাদের শিক্ষা-নীতি ও তাদের কাছারীর প্রতি কঠোর ঘৃণা পোষণ করতেন। এমনকি, তিনি (তদানীন্তন ইংরেজ সম্রাট-সম্রাজ্ঞীর ফটোসম্মিলিত) পোস্ট কার্ড ও লেফাফাকে উল্টো করেই ঠিকানা লিখতেন, যাতে রাণী ভিক্টোরিয়া, সপ্তম এডওয়ার্ড এবং পঞ্চম জর্জের মাথা নিচু হয়ে থাকে। ইংরেজদের কাছারীর প্রতি এতই ঘৃণা! তিনি বলতেন, "আহমদ রেযার জুতোও ইংরেজদের কাছারীতে যাবে না।" বিরুদ্ধবাদীরা বহু চেষ্টা করেছে, মামলা দায়ের করেছে যেন যে কোন প্রকারে হোক তাঁকে কাছারীতে হাযির হতে হয়; কিন্তু অদৃশ্য সাহায্য প্রতিটি মামলায় তাঁর সঙ্গ ছাড়ে নি। পক্ষান্তরে, হতভাগা শত্রুদের ভাগ্যে ও পরিণামে অবমাননাই জুটেছে।

সৈয়দ বংশীয়দের প্রতি সম্মান প্রদর্শন : আ'লা হযরত রাহমাতুল্লাহি আলায়হির হৃদয়ে রসূলে পাক সাল্লাল্লাহু আ'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর প্রতি ভালোবাসা এতো বেশি গভীর ছিলো যে, যে জিনিসের সম্পর্ক হযুর সাইয়্যেদে আলম সাল্লাল্লাহু তা'আলা আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি হতো সেটার প্রতি সম্মান প্রদর্শন করতেন। এ কারণে সাইয়্যেদ বংশীয়দেরকে হযুর (সাল্লাল্লাহু তা'আলা আলাইহি ওয়াসাল্লাম)-এর অংশ হবার কারণে সম্মান প্রদর্শনের সব চেয়ে বেশি উপযোগী মনে করতেন। একটা কম-বয়সী সাহেবজাদা ঘরোয়া কাজে সাহায্যের খাতিরে 'কাশানা' শরীফে চাকুরীতে নিয়োজিত হয়। পরবর্তীতে জানতে পারলেন ওই সাহেবজাদা 'সাইয়্যেদ'। সুতরাং পরিবারের সদস্যদের তাকিদ সহকারে বলে দিলেন, "খবরদার, তাঁর দ্বারা যেন কোন কাজ করানো না হয়, যে বেতনের ওয়াদা রয়েছে, তা যেন নয়রানা স্বরূপ পরিশোধ করা হয়।" সুতরাং ওই নির্দেশ পালন করা হলো। তিনি কোন সাইয়্যেদ সাহেবকে অপমানিত করা তো দূরের কথা তাঁকে পেরেশান দেখলেও মনে অত্যন্ত দুঃখবোধ করতেন। তিনি কোন সাইয়্যেদজাদাকে পেরেশান দেখা মোটেই সহ্য করতেন না।

কারামত : আ'লা হযরত (রাহমাতুল্লাহি আলায়হি) ট্রেনযোগে পিলীভেত থেকে বেরিলী তাম্রীফ নিয়ে যাচ্ছিলেন। ট্রেন নওয়াবগঞ্জ স্টেশনে দু'এক মিনিটের জন্য থেমেছিলো। তখন মাগরিবের নামায়ের সময় হয়েছিলো। তিনি সফরসঙ্গীদের নিয়ে নামায আদায়ের জন্যে প্র্যাটফরমে নেমে গেলেন।

সফরসঙ্গীরা এ'ভাবে দুচ্ছিন্তাশ্রুত হয়ে পড়েছিলেন যে, হয় তো ট্রেন চলে যাবে। আ'লা হযরত ফাযেলে বেরলভী (রাহমাতুল্লাহি আলায়হি) বললেন, "চিন্তিত হবার প্রয়োজন নেই, গাড়ী আমাদেরকে নিয়েই যাবে।" সুতরাং আযান দেওয়ানো হলো এবং অতি একাগ্রতা সহকারে জামা'আতে নামায আরম্ভ করে দিলেন। এদিকে ড্রাইভার ইঞ্জিন চালু করলো। কিন্তু, তা এক ইঞ্চি পরিমাণও সামনে বাড়লো না। ড্রাইভার ইঞ্জিন পেছনের দিকে চালালো। তখন তা চলতে লাগলো। অতঃপর সে পুনরায় সামনের দিকে চালাতে লাগলো। ইঞ্জিন প্রথম স্থানে এসে বন্ধ হয়ে গেলো। তখন এক উচ্চরব শোনা গেলো— 'দেখো! ওই দরবেশ নামায আদায় করছেন। ওই কারণেই রেলগাড়ীটি চলছে না।' দারুন কৌতূহলী হয়ে লোকেরা তাঁর চতুর্পাশে জড়ো হয়ে গেলো। ইংরেজ গার্ড, যে এতোক্ষণ যাবৎ হতবাক হয়ে দাঁড়ানো ছিলো, অতি আদব সহকারে তাঁর নিকট বসে পড়লো। যখনই আ'লা হযরত নামায শেষ করে গাড়ীতে আরোহণ করলেন, তখন রেল গাড়ী চলতে আরম্ভ করলো। এ আলৌকিক ঘটনা দেখে গার্ড আ'লা হযরতের পরিচয় নিলো এবং নিজের স্ত্রী ও সন্তান-সন্ততিদের সঙ্গে করে বেরিলী শরীফ হাযির হয়ে ইসলাম গ্রহণ করলো। উল্লিখিত কারামত ছাড়াও তাঁর আরো বহু কারামত রয়েছে, যেগুলো দীর্ঘায়িত হবার আশঙ্কায় এখানে লিপিবদ্ধ করা হলো না।

হজ্জে বায়তুল্লাহ : প্রথমবার আ'লা হযরত তাঁর সম্মানিত পিতা-মাতার সাথে ১২৯৫ হিজরীতে বাইতুল্লাহ শরীফে হজ্জ ও নবী করীম সাল্লাল্লাহু তা'আলা ওয়াসাল্লাম-এর রওযা-ই পাক যিয়ারত করার জন্য তাম্রীফ নিয়ে গিয়েছিলেন।

১৩২৩ হিজরীতে আ'লা ২য় বার এ বরকতময় ও পবিত্র সফর করেন। আর হজ্জ ও নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর রওযা-ই পাক যিয়ারত করে ধন্য হন। এ সফরে হিয়ায (মক্কা শরীফ ও মদীনা মুনাওয়ারা) 'র আলিমগণও আ'লা হযরতের প্রতি খুব শ্রদ্ধা দেখালেন। চারিদিকে তাঁর জ্ঞানের তুমুল চর্চা চলছিলো। 'হসামুল হেরমাসিন', 'আন্দোলতুল মক্কীয়াহ' এবং 'কিফলুল ফক্কীহ' পর্যালোচনা করলে এর যথার্থ অনুমান করা যায়। উল্লিখিত কিতাবগুলো হিয়ায-ই মুকাদ্দাস ও এ উপমহাদেশে বিরাট আলোড়ন সৃষ্টি করেছিলো। মক্কাবাসীগণ দলে দলে তাঁর চারদিকে জড়ো হলেন। অনেক সম্মানিত ব্যক্তি তাঁর দরবারে ইজাযতের সনদ দানের জন্য দরখাস্ত করলেন। তাঁদের বারংবার অনুরোধের কারণে তাই করা হলো। 'মাওলানা হামেদ রেযা খান' রাহমাতুল্লাহি আলায়হি এ সফরে তাঁর সাথে ছিলেন। তিনি 'আল-ইজাযাত-তুল মাতী-নাহ'র ভূমিকায় লিখেছেন, "ইজাযতের দরখাস্ত নিয়ে সর্বপ্রথম মাওলানা সৈয়দ আবদুল হাই মক্কী (ওফাত ১৩৩২ হিজরী/১৯১৩ খৃঃ) তাম্রীফ আনলেন। তাঁর সাথে আরেক নওজোয়ান সালেহ শায়খ হোসাইন জামাল ইবনে আবদুর রহীমও ছিলেন। উভয় হযরতকে তিনি 'ইজাযতের সনদ' দ্বারা ধন্য করলেন। তাঁদের পর আরো বহু সম্মানিত আলিম-ই দ্বীন 'ইজাযত' লাভ করে ধন্য হন। কিছু সংখ্যক সম্মানিত আলিম যারা অবশিষ্ট ছিলেন

ফখরে আহলে সুন্নাত, হাকীমুল উম্মত, শায়খুত্

তাকসীর ওয়াল হাদীস আল্লামা

মুফতী আহমদ ইয়ার খান নঈমী

[রাহমাতুল্লাহি আলায়হি]-এর

সংক্ষিপ্ত জীবনী

বংশ-পরিচিতি : হাকীমুল উম্মত মুফাসসিরে কোরআন মাওলানা মুফতী আহমদ ইয়ার খান নঈমী রাহমাতুল্লাহি আলায়হি ছিলেন 'ইউসুফ যাদ্দি' বংশীয় পাঠান। তাঁর পূর্বপুরুষদের কিছু সংখ্যক লোক খুব সম্ভব মুঘল শাসনামলে আফগানিস্তান থেকে হিজরত করে হিন্দুস্তান চলে এসেছিলেন। তাঁর দাদা মরহুম মুনাওয়ার খান (রাহমাতুল্লাহি আলায়হি) 'উজাহানী' (বদায়ুন, হিন্দুস্তান)-এর শীর্ষস্থানীয় সম্মানিত লোকদের মধ্যে গণ্য হতেন। তিনি সেখানকার পৌরসভার সম্মানিত সদস্যও ছিলেন।

তাঁর পিতার নাম মুহাম্মদ ইয়ার, যিনি এক ধীনদার ইবাদত-পরায়ণ ব্যক্তি ছিলেন। তিনি উজাহানী (বদায়ুন)-এর জামে মসজিদের ইমামত, খেতাবত এবং ব্যবস্থাপনা-সবকিছু নিজের দায়িত্বে নিয়েছিলেন। তিনি এসব দায়িত্ব নিয়মিতভাবে দীর্ঘ ৪৫ বছর যাবৎ কোন পারিশ্রমিক ছাড়াই পালন করেছিলেন।

জন্ম : মাওলানা মুহাম্মদ ইয়ার (রাহমাতুল্লাহি আলাইহি)-এর ঔরশে পরপর পাঁচটি কন্যা সন্তান জন্মগ্রহণ করেছিলো। পাঁচ কন্যা-সন্তানের পর মাওলানা মুহাম্মদ ইয়ার রাহমাতুল্লাহি আলায়হি আল্লাহ তা'আলার দরবারে পুত্র সন্তানের জন্য বিশেষ দো'আ করলেন। সাথে সাথে এ মান্নতটিও করেছিলেন, "যদি পুত্র সন্তান জন্ম লাভ করে, তবে তাকে আল্লাহ জালা জালালুহ ও তাঁর রসূল সাল্লাল্লাহু তা'আলা 'আলায়হি ওয়া 'আলা আ-লিহী ওয়াসাল্লাম-এর রাস্তায় ধীনের খিদমতের পরম্পরায় ওয়াকুফ করে দেবো।" আল্লাহ রাক্বুল ইয়্যাত ওই দো'আ কবুল করলেন। আর তাঁকে পুত্র সন্তান দান করলেন। তাঁর নাম রাখা হলো- 'আহমদ ইয়ার'। মাওলানা মুহাম্মদ ইয়ার (রাহমাতুল্লাহি আলায়হি) তাঁর মান্নত অনুসারে এ সন্তানকে ইলমে ধীন অর্জন ব্যতীত অন্য কোন কাজে নিয়োগ করেন নি। এ সন্তানও সামনে অগ্রসর হয়ে তাঁর কর্মজীবনে একথা প্রমাণ করে দিলেন যে, তিনি বাস্তবিকপক্ষেই 'আহমদ ইয়ার' বা 'নবীপ্রেমিক'। সত্যি সত্যি তিনি আল্লাহ তা'আলা ও তাঁর রসূল-ই মাক্বুল সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর রাস্তায় ওয়াকুফকৃত হবার উপযোগী ছিলেন। হযরত মুফতী আহমদ ইয়ার খান (রাহমাতুল্লাহি আলায়হি)-র জন্ম ১৩২৪ হিজরীতে।

ছাত্র জীবন : মুফতী সাহেবের ছাত্রজীবনকে পাঁচটি সোপানে বিভক্ত করা যায় : ১. উজাহানী, ২. বদায়ুন শহর, ৩. মীনচু, ৪. মুরাদাবাদ ও ৫. মীরাঠ।

জন্মস্থান উজাহানীতে তিনি তাঁর সম্মানিত পিতার নিকট কোরআন মজীদ পড়েন। এরপর ফার্সী ভাষার পাঠা

পুস্তকগুলো, দীনীয়াত এবং 'দরসে নিযামী'র প্রাথমিক পর্যায়ের কিতাবাদিও তাঁর নিকট পড়ে নেন। প্রাথমিক শিক্ষা শেষ করে অতি ছোট বয়সেই তিনি দ্বীনি শিক্ষা লাভের খাতিরে জন্মভূমি থেকে বের হয়ে পড়েন এবং বহরের পর বছর বদায়ুন ও মীরাঠে 'দরসে নিযামী'র উচ্চতর শিক্ষা লাভ করতে থাকেন। উল্লেখ্য যে, মীরাঠের মাদরাসায় দেওবন্দী চিন্তাধারার উল্লেখযোগ্য শিক্ষকগণও পড়াতেন। ইত্যবসরে, তাঁর এক বন্ধুর মাধ্যমে মুরাদাবাদের প্রসিদ্ধ বিরাট দ্বীনি প্রতিষ্ঠান 'জামেয়া ন'ঈমিয়া'র প্রতিষ্ঠাতা সদরুল আফযিল মাওলানা মুহাম্মদ ন'ঈম উদ্দীন মুরাদাবাদী (রাহমাতুল্লাহি আলায়হি)-এর সাথে তাঁর সাক্ষাৎ হয়ে গেলো। সদরুল আফযিল (রাহমাতুল্লাহি আলায়হি)ও এ অনন্য মেধাবী শিক্ষার্থীর মধ্যে লুক্কায়িত যোগ্যতা দেখতে পেলেন। তিনি সাথে সাথে মুফতী সাহেবের উচ্চ শিক্ষার যাবতীয় ব্যবস্থা করে দিয়ে তাঁকে মুরাদাবাদ থেকে ফিরে যেতে দিলেন না।

তখনকার সময়ে কানপুরের আল্লামা মুশ্‌তাক আহমদ (মরহুম) ইসলামী যুক্তিবিদ্যা ও দর্শনশাস্ত্র এবং অংকশাস্ত্রে যুগশ্রেষ্ঠ জ্ঞানী হিসেবে গণ্য হতেন। মাওলানা মুরাদাবাদী (রাহমাতুল্লাহি আলায়হি) মাসিক যুক্তিসঙ্গত বেতন ধার্য করে আল্লামা মুশ্‌তাক আহমদ সাহেবকে জামেয়া ন'ঈমিয়া, মুরাদাবাদে নিয়ে আসলেন। অতঃপর মুফতী সাহেবের উচ্চ শিক্ষার পরম্পরা শুরু হয়ে গেলো। কিছুদিন পর আল্লামা মুশ্‌তাক আহমদ সাহেব মীরাঠে তাকসীর নিয়ে যান। তখন মুফতী সাহেবও তাঁর একজন বিশেষ শাগরিদ হিসেবে তাঁর সাথে সেখানে চলে গেলেন। এখানে একথা বিশেষভাবে উল্লেখ্য যে, আযাদী আন্দোলনের একজন নামকরা সৈনিক শায়খুল কোরআন মাওলানা আবদুল গফুর হাযারভী (মরহুম)ও কানপুর, মুরাদাবাদ ও মীরাঠে আল্লামা মুশ্‌তাক আহমদ সাহেবের নিকট থেকে শিক্ষা লাভ করতে থাকেন।

অনুরূপভাবে, আল্লামা হাযারভী শায়খুত্ তাকসীর মুফতী আহমদ ইয়ার খান নঈমী (রাহমাতুল্লাহি আলায়হি)-এর ওস্তাদ ভাই ছিলেন। মুফতী সাহেব নিজেও বলতেন, "মুরাদাবাদে অবস্থান হচ্ছে আমার জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ মাইল ফলক। সদরুল আফযিল মাওলানা মুহাম্মদ ন'ঈম উদ্দীন মুরাদাবাদী (রাহমাতুল্লাহি আলায়হি)-এর ভালোবাসা, মেহ, বিশেষ দৃষ্টি এবং কৌশলপূর্ণ ও বিজ্ঞানসম্মত প্রতিপালন আর প্রশিক্ষণ মুফতী সাহেবের জীবনের উপর গভীর ও চির অম্লানভাবে রেখাপাত করেছিলো।

তাঁর ছাত্র জীবনের দ্বিতীয় সোপান বদায়ুন শহরে অতিবাহিত হয়। সেখানে তিনি এগার বছর বয়সে (অর্থাৎ ১৩৩৫

হিজরী/১৯১৬ খ্রীঃ) এসে 'মাদ্রাসা-ই শামসুল উলূম'-এ ভর্তি হলেন। এ মাদ্রাসায় তিনি তিন বছর যাবৎ (অর্থাৎ ১৩৩৫ হিজরী থেকে ১৩৩৮ হিজরী মোতাবেক ১৯১৬ ইং থেকে ১৯১৯ ইং পর্যন্ত) শিক্ষা লাভ করতে থাকেন। এটা ছিলো ওই যুগসন্ধিক্ষণ, যখন 'মাদ্রাসা-ই শামসুল উলূম' (বদায়ুন)-এ আল্লামা ক্বাদীর বখ্শ বদায়ুনী শিক্ষক ছিলেন। মুফতী সাহেব তাঁর ছাত্রদের অন্তর্ভুক্ত হন। ওই দিনগুলোতে মুফতী আযীয আহমদ সাহেব বদায়ুনী ও ওই মাদ্রাসায় দরসে নিয়ামীর শেষ পর্যায়ের পাঠ গ্রহণ করেছিলেন।

'মাদ্রাসা-ই শামসুল উলূম'-এর যেই কামরায় মুফতী সাহেব স্থান পেয়েছিলেন তাতে আরো বহু ছাত্রও থাকতো। তাই, বেশির ভাগ সময় কামরায় শোরগোল থাকতো, যা মুফতী সাহেবের মানসিক অশান্তির কারণ হয়ে দাঁড়িয়েছিলো। এক রাতে এত বেশি শোরগোল ও হাস্যামা হয়েছিলো যে, মুফতী সাহেব মোটেই পরবর্তী দিনের পাঠ তৈরি করতে পারেন নি। সকালে আল্লামা ক্বাদীর বখ্শ (রাহমাতুল্লাহি আলায়হি) ক্লাশে 'নাহ্‌ত মীর'-এর সবক পড়ানোর জন্য বসলেন। তখন পূর্ণ মনযোগ ও একাগ্রতা সত্ত্বেও তিনি সেদিনকার সবক একেবারেই বুঝতে পারেন নি। সম্মানিত ওস্তাদজি সবক পড়াতে পড়াতে সামনে অগ্রসর হয়ে যাচ্ছিলেন। আর মুফতী সাহেব সবকের প্রথমাংশও বুঝতে না পারার কারণে খুবই ইতস্ততঃ বোধ করেছিলেন। শেষ পর্যন্ত তিনি কেঁদে ফেললেন। সম্মানিত ওস্তাদ এ সূরতে হাল দেখে বললেন, "আহমদ ইয়ার! এ কি ব্যাপার? নিজের কৃতকর্মের তো চিকিৎসা নেই। পূর্ব-পর্যালোচনা তো করো নি, আর এখন পাঠ বুঝারও চেষ্টা করছো?"

একথা বলে হযরত আল্লামা সবকগুলো পড়ার জন্য ওয়ূ সহকারে বসার শিক্ষা দিলেন। তিনি সম্মানিত ওস্তাদের এই অন্তর্দৃষ্টি ও কাশ্ফ দেখে হতভম্ব হয়ে গেলেন। আর মনে মনে স্থির করে নিলেন যে, আগামীতে তিনি ওয়ূ সহকারেই ক্লাশে বসবেন। তিনি ওস্তাদজিকে গত রাতের সব ঘটনা খুলে বললেন, যা তাঁর পাঠ-পর্যালোচনা করতে না পারার কারণ হয়ে দাঁড়িয়েছিলো। সাথে সাথে ওস্তাদজি তাঁর জন্য আলাদা কামরায় অপর ভালো ছাত্র আযীয আহমদ বদায়ুনীর সাথে থাকার ব্যবস্থা করে দিলেন। ফলে, তাঁর সব দুশ্চিন্তা দূরীভূত হয়ে গেলো। তিনি আযীয আহমদ সাহেবের মতো মেধাবী ছাত্রের সঙ্গ পেয়ে আরো বেশি উপকৃত হলেন। তিনি দ্বিগুণ উৎসাহে লেখাপড়ায় মনোযোগ দিলেন এবং অক্লান্ত পরিশ্রম করে অধ্যয়ন করতে লাগলেন। মুফতী আযীয আহমদ বদায়ুনীর বর্ণনামতে, মুফতী আহমদ ইয়ার খান ছাত্র জীবনে নিয়মিত পাঠ-পর্যালোচনায় খুব অভ্যস্ত ছিলেন। নিয়মিতভাবে দেরীক্ষণ রাত্রি জাগরণ করে পরদিন সকালের ক্লাশের পাঠ শিক্ষা করতেন। ক্লাশ ছুটির পর সঙ্গীদের নিয়ে ক্লাশে দেয় সবক পুনরায় পর্যালোচনা করতে বসে যেতেন। কোন বিষয়ে বুঝতে অসুবিধা হলে সাথে সাথে ওস্তাদের নিকট থেকে তা বুঝে নিতেন। যদি কখনো মুফতী সাহেবের উপস্থাপিত কোন তথ্য ওস্তাদের মতে ভুল প্রমাণিত হতো, তবে সাথীদের নিকট এসে তাঁর ভুল স্বীকার করে নিতেন, আর ওস্তাদের মতটিই

বলে দিতেন। আর তিনি বলতেন, "এমতাবস্থায় আমি যতক্ষণ পর্যন্ত না নিজের ভুল স্বীকার করে নিতাম ততক্ষণ পর্যন্ত আমার মন-মেজাজ ঠিক হতো না।" মোটকথা, তিনি মাত্র তিন বছর যাবৎ 'মাদ্রাসা-ই শামসুল উলূম'-এ লেখাপড়া করে সেখান থেকে কৃতিত্বের সাথে বের হয়ে আসলেন। মুফতী আযীয আহমদ সাহেবের বর্ণনামতে, তিনি এ মাদ্রাসায় 'নূরুল আনওয়ার'-এর সবক পর্যন্ত পৌছেছিলেন।

বদায়ুনের পর মুফতী সাহেবের ছাত্র জীবনের তৃতীয় পর্যায় মীণু রাজ্যে অতিবাহিত হয়। এখানে রাজ্য প্রধানদের পৃষ্ঠপোষকতায় একটি 'দারুল উলূম' (মাদ্রাসা) প্রতিষ্ঠিত হয়েছিলো। এর শিক্ষার পরিবেশ সম্পর্কে ভালো অভিমতই পাওয়া যায়। মুফতী আযীয আহমদের বর্ণনানুসারে, এই মাদ্রাসাটি তখন দেওবন্দী ভাবধারায় পরিচালিত হতো। এ মাদ্রাসায়ও মুফতী সাহেব তিন/চার বছর লেখাপড়া করেন- ১৩৩৮ হিজরী থেকে ১৩৪১ হিজরী পর্যন্ত, মোতাবেক ১৯১৯ ইং থেকে ১৯২২ ইং পর্যন্ত। এর ফলে তিনি দেওবন্দী ভাবধারার ভালো শিক্ষা প্রতিষ্ঠানের লেখাপড়ার সাথে আলা হযরত ও সদরুল আফাযিলের অধিকতর জ্ঞান-গভীরতার তুলনামূলক অভিজ্ঞতা অর্জন করারও সুযোগ পান। খোদা মুফতী সাহেব বলেন, "আমি দেওবন্দী ওস্তাদের নিকট একটা বিশেষ সময়সীমা পর্যন্ত লেখাপড়ার সুযোগ পাই। এর ফলে একথা বুঝতে পারলাম যে, শিক্ষাগত গবেষণার ব্যবস্থাকে তাদের নিকট আছে বটে, কিন্তু সৌভাগ্যক্রমে ইত্যবসরে সদরুল আফাযিল মুরাদাবাদী কুদ্দিসা সিরুফুর সাথে আমার সাক্ষাৎ হয়ে গেলো। তিনি আমাকে আলা হযরতের লেখা 'আতোয়া-য়াল ক্বাদীর ফী আহ্‌কা-মিত্‌ তাস্তীর' নামক একটা 'রিসালা' (পুস্তক) পাঠ-পর্যালোচনার জন্য দিলেন। তা দেখে আমি যারপর নাই হতবাক হলাম। এই রিসালাটা মীণুতে শিক্ষার্জনকালীন সময় থেকে আমার উপর প্রভাব ফেলে এসেছে।"

মুফতী আহমদ ইয়ার খান সাহেবের সম্মানিত পিতা মাযহাব ও আক্বীদার ক্ষেত্রে কটর সুন্নী-হানাফী ছিলেন। তাই, তাঁর ছেলে (মুফতী সাহেব) মীণুর উক্ত মাদ্রাসায় পড়ুক তা তাঁর নিকট অপছন্দনীয় ঠেকলো। একদা মুফতী সাহেব বার্ষিক ছুটিতে বাড়ীতে আসলেন। তখন তিনি তাদের প্রতিক্রিয়া সম্পর্কে আন্দাজ করতে পারলেন। মুফতী সাহেবের এক চাচাত ভাই মুরাদাবাদে চাকুরী করতেন। তিনি কিছুদিন বাড়ীতে থাকার পর মুরাদাবাদ চলে যাচ্ছিলেন। তিনি মুফতী সাহেবকে জোর দিয়ে বললেন, "আমার সাথে চলো। মুরাদাবাদে মাওলানা মুরাদাবাদীর সাথে সাক্ষাত করো।" সুতরাং তিনি তাঁর সাথে মুরাদাবাদ পৌছলেন। সেখানে হযরত সদরুল আফাযিলের সাথে সাক্ষাৎ করলেন। সদরুল আফাযিল তাঁকে কয়েকটা প্রশ্ন করলেন। তিনি সেগুলোর সঠিক উত্তর দিলেন। মুফতী সাহেবও এরপর সদরুল আফাযিলের নিকট কয়েকটা বিষয়ে জানতে চাইলেন। তিনি সদরুল আফাযিলের নিকট সেসব বিষয়ের তৃপ্তিদায়ক জবাব পেলেন। সুতরাং একদিকে মুফতী সাহেব (মুরাদাবাদে) তাঁর সামনে ইল্ম ও হিকমত বা জ্ঞান-বিজ্ঞানের সমুদ্র ডেউ খেলতে

দেখতে পেলেন, অন্যদিকে সদরুল আফাযিল ও সজাবনামা মেধাবী শিক্ষার্থীর পূর্ণ যোগ্যতা মুফতী সাহেবের মধ্যে দেখতে পেলেন। অতঃপর সদরুল আফাযিল বললেন, “ভাই, মাওলানা! জ্ঞানের সাথে জ্ঞানের মাধুর্যও যদি অনুভব করা যায়, তবে স্থিরতা দান করা হয় এবং ‘বক্ষ-প্রশস্ততা’রূপী অমূল্য ধন পাওয়া যায়।” মুফতী সাহেব আরম্ভ করলেন, “জ্ঞানের মাধুর্য বলতে কি বুঝায়?” হযরত বললেন, “জ্ঞানের মাধুর্য হযুর আলায়হিস্ সালামের পবিত্র সত্তার সাথে সম্পর্ক ক্বায়েম রাখলেই হাসিল হতে পারে। শকাবলীর মাধ্যমে বর্ণনা করা যায় না।” এই কথোপকথন মুফতী সাহেবের হৃদয়ে গভীর ও অবিস্মরণীয়ভাবে রেখাপাত করেছিলো।

মুফতী আহমদ ইয়ার খান সাহেব উল্লিখিত সাক্ষাতের পর ‘জামেয়া ন’ঈমিয়া’, মুরাদাবাদে ভর্তি হয়ে গেলেন। সদরুল আফাযিল মুফতী সাহেবের চাহিদানুসারে যুক্তি ও দর্শন শাস্ত্রের উচ্চ পর্যায়ের পাঠ দান আরম্ভ করলেন। কিন্তু হযরত মুরাদাবাদীর অতি ব্যস্ততার কারণে পাঠদান অনিয়মিত হতে লাগলো। ফলে, মুফতী সাহেব অত্যন্ত দুঃখিত হয়ে পড়লেন। একদিন তিনি মুরাদাবাদ থেকে বের হয়ে গেলেন। সদরুল আফাযিল তা জানতে পেরে তাঁকে ডেকে পাঠালেন। তিনি ফিরে আসলে তাঁকে এ সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হলো যে, ভবিষ্যতে যাতে তাঁর পাঠ গ্রহণে অনিয়ম না হয় সেই ব্যবস্থাই গ্রহণ করা হয়েছে। তিনি ইসলামী দর্শনের যুগশ্রেষ্ঠ ইমাম ও বহু উচ্চ পর্যায়ের ওস্তাদ আল্লামা মুশ্তাফ় আহমদ কানপুরীর নিকট ‘জামেয়া ন’ঈমিয়া’য় অধ্যাপনার পদ অলঙ্কৃত করার জন্য প্রস্তাব পাঠালেন। প্রস্তাব পেয়ে আল্লামা কানপুরী তা গ্রহণ করতে এ শর্তে রাজী হলেন যে, তখন তাঁর নিকট পড়ুয়া সকল ছাত্রকেও ‘জামেয়া ন’ঈমিয়া’য় ভর্তি এবং তাদের ভরণ-পোষণ ও অধ্যয়নের সুযোগ দিতে হবে। সদরুল আফাযিল ওই শর্তটি মেনে নিলেন। অতঃপর আল্লামা কানপুরী ‘জামেয়া ন’ঈমিয়া’ মুরাদাবাদে তাসরীফ নিয়ে আসলেন। মুফতী সাহেবের বর্ণনামতে, আল্লামা কানপুরীর তখন মাসিক বেতন ধার্য হয়েছিলো ৮০ রুপি।

তখন থেকে মুফতী সাহেবের ছাত্র জীবনের আরেক নতুন অধ্যায় শুরু হলো। একদিকে ওস্তাদ ছিলেন যুগশ্রেষ্ঠ শিক্ষাদাতা ও বরেন্য ইমাম, অন্যদিকে ছাত্র ছিলেন অনন্য মেধাবী ও শিক্ষার প্রতি অসাধারণ আগ্রহী। একদিকে ওস্তাদের একথা জানা ছিলো যে, ইনি হলেন এমনই এক ছাত্র, যার জন্যই তাঁকে সুদূর কানপুর থেকে আনা হয়েছে, অন্যদিকে ছাত্রেরও একথা ভালোভাবে জানা ছিলো যে, এ আল্লামা-ই যমান ওস্তাদকে বিশেষ করে তাঁকে পড়ানোর জন্য এখানে আনা হয়েছে।

কয়েক বছর পর আল্লামা মুশ্তাফ় আহমদ কানপুরীর কয়েকটি অনিবার্য কারণবশতঃ চূড়ান্তভাবে মীরাঠ চলে যাওয়া অপরিহার্য হয়ে পড়লো। তিনি সদরুল আফাযিলকে একথা বলে তাতে তাঁর অনুমতি লাভ করলেন যে, তিনি তাঁর এ প্রিয় ছাত্র ‘আহমদ ইয়ার খান’কেও সাথে মীরাঠ নিয়ে যাবেন। সদরুল আফাযিলের অনুমতি পেয়ে জ্ঞানের এই অনন্য কাফেলা মুরাদাবাদ থেকে মীরাঠের দিকে রওনা হয়ে গেলো।

উল্লেখ্য যে, কানপুর, মুরাদাবাদ ও মীরাঠে শায়খুল কোরআন, আবুল হাক্বাইক আল্লামা আবদুল গফুর হাযারতী ও আল্লামা মুশ্তাফ় আহমদের ছাত্র ছিলেন।

মীরাঠে মুফতী সাহেব কমবেশী তিন বছর যাবৎ লেখাপড়া করেন। এটা ছিলো তাঁর ছাত্রজীবনের শেষ পর্যায়। সর্বমোট, বিশ বছরে তিনি লেখাপড়া শেষ করলেন। এ প্রসঙ্গে তাঁর চাচাত ভাই জনাব আযীয খান মরহুম এক ঐতিহাসিক পত্রিকার রচনা করেছেন, যাতে তিনি মুফতী সাহেবের ছাত্র জীবনের শেষবর্ষ (১৩৪৪ হিজরী/১৯২৫ ইংরেজী) আয়াত-

لَقَدْ لَازَ لَوْزًا عَظِيمًا

থেকে বের করেছেন :

چو احمد کبیر و خان است مشتم بر یک زبان کو هر سال مشتم
شده و فارغ از علم دین مشتم بر یک مشتم لَقَدْ لَازَ لَوْزًا عَظِيمًا

ছাত্র জীবনের এ শেষ পর্যায়টি মুফতী সাহেবের জীবনের উপর অগ্নান নকশা ঐকে দিয়েছে। ইসলামী দর্শনে দক্ষতা আল্লামা মুশ্তাফ় আহমদ কানপুরী থেকে পেয়েছেন। দ্বিতীয় শিক্ষার সাথে সর্বনয় সম্পৃক্ততা এবং সত্য ও নিকলুষ ধর্ম ইসলামের কেন্দ্রবিন্দু হযুর সাল্লাল্লাহু তা’আলা আলায়হি ওয়াসাল্লাম-এর প্রতি অসাধারণ ভালোবাসার মতো উত্তম জাহানের অমূল্য সম্পদ হযরত সদরুল আফাযিলের নিকট থেকে লাভ করেছেন। হযরত সদরুল আফাযিল প্রাতিষ্ঠানিকভাবে মুফতী সাহেবকে কিছুটা পাঠদান করেছেন বটে, কিন্তু তাঁর প্রজ্ঞাপূর্ণ দৃষ্টি ও (হাদীসে পাকের অমীর ভাষায়) ‘মু’মিনসুলভ অন্তর্দৃষ্টি’ মুফতি সাহেবের সমগ্র ব্যক্তিত্বে সুন্দর পরিবর্তন এনে দিয়েছে। মুফতী সাহেব এ প্রসঙ্গে নিজেই বলেছেন, “আমার নিকট যা কিছু আছে সবই সদরুল আফাযিল দান করেছেন।” তিনি সদরুল আফাযিল মাওলানা ন’ঈম উদ্দীন মুরাদাবাদীর নামের সাথে সম্পৃক্ত করে আপন নামের সাথে ‘ন’ঈমী’ লিখতেন। মুফতী সাহেবকে হাদীস শরীফ বর্ণনা করার অনুমতি ও সনদ প্রদান করেছেন-খোদা সদরুল আফাযিল সাইয়েদ মাওলানা ন’ঈম উদ্দীন মুরাদাবাদী কুদ্দিসা সিব্বাহু। পরবর্তীতে মুফতী সাহেব তাঁর ছাত্রদেরকে এ সনদই প্রদান করতেন।

আ’লা হযরতের সাথে সাক্ষাৎ : বদায়ুনে অধ্যয়নকালে মুফতী সাহেব আ’লা হযরত ফাযিলে বেরলতীর পরিদরবারে হাযির হবার জন্য বেরিলী শরীফ তাসরীফ নিয়ে যান। খোদা মুফতী সাহেব বলেন, “মাত্র ১০/১২ বছর বয়সে আমি আ’লা হযরতের দীদারের জন্য বেরিলী শরীফ হাযির হয়েছিলাম। তখন ২৭শে রজব নিকটবর্তী ছিলো। তাই, আ’লা হযরতের দরবারে মি’রাজ শরীফ উদ্দ্যাপনের প্রকৃতি পুরোদমে চলছিলো। সুতরাং এ ব্যস্ততার কারণে শুধু একটিবার মাত্র মজলিসে হাযির হবার সুযোগ হয়, যাতে আ’লা হযরতের দীদার বা সাক্ষাতের সৌভাগ্য নসীব হয়েছিলো। সর্বোপরি, আ’লা হযরতের প্রতি পূর্ণ ভক্তি-প্রতিভা আমার যিন্দেগীর বড় মূল্যবান মূলধন হয়ে রয়েছে।”

লেখনী : ইমামে আহলে সুন্নাত আ’লা হযরত ফাযিলে

রহমান', 'ইসলামী যিন্দগী', 'রহমতে খোদা ব-ওসীলা-ই-আউলিয়া', 'মু'আল্লিম-ই তাকরীর', 'মাওয়াইয়-ই নঈমিয়া', 'সফরনামা-ই হিজায় ও কিবলাতান্নিন' (হজ্জ ও যিয়ারত), 'হযরত আমীর-ই মু'আবিয়া পর এক নয়র', 'ফাতওয়া-ই নঈমিয়া', 'রসাইলে নঈমিয়া' এবং খোৎবারাজির সমষ্টি 'খোৎবাত-ই নঈমিয়া'ও বিশেষভাবে উল্লেখযোগ্য। বলাবাহুল্য, উপরোক্ত কিতাবগুলো দ্বীনী ইলুম ও ধর্মীয় সভা-মজলিসসমূহে অত্যন্ত আগ্রহ, ভালোবাসা ও ভক্তি সহকারে পড়া হয়।

মুফতী সাহেবের সমস্ত কিতাবের প্রকাশনার মহান কাজটি তাঁর স্নেহের দৌহিত্র সাহেবযাদা ইফতিখার আহমদ খান ও মুফতী ওলী শওক্ ধারাবাহিকভাবে অতি পরিশ্রম ও আগ্রহ সহকারে চালিয়ে আসছেন। সর্বদা তাঁদের ইচ্ছাও এটাই রয়েছে যেন মুফতী সাহেবের এই অতি জনপ্রিয় কিতাবগুলো উন্নত থেকে উন্নততর আঙ্গিকে পাঠক সমাজের নিকট নিয়মিতভাবে পেশ করা হয়। আল্লাহরই জন্য সকল প্রশংসা, তাঁরা সফলতার সাথে তাঁদের এ মহান প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

শিক্ষাদান ও শিক্ষকতা : মুফতী সাহেব বিদ্যার্জন শেষ করা মাত্রই বিভিন্নস্থানে শিক্ষাদানের মহান ব্রত পালনে আত্মনিয়োগ করলেন। হযরত সদরুল আফযিল তাঁকে 'জামেয়া নঈমিয়া, মুরাদাবাদ'-এর শিক্ষাদানের দায়িত্ব অর্পণ করেন। তিনিও নিজেকে একজন 'উপযুক্ত শিক্ষক' হিসেবে প্রমাণ করে দিলেন। মুরাদাবাদে শিক্ষক থাকাকালে ধুরাজীর কাঠিয়াওয়ায়ে প্রতিষ্ঠিত 'মাদুরাসা-ই মিসকীনিয়া'র পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে সদরুল আফযিলের দরবারে ধুরাজীতে এমন একজন বহুগুণে গুণী ও উঁচু মানের আলিমে দ্বীন পাঠানোর জন্য দরখাস্ত করা হলো, যিনি শিক্ষাদান, ফাতওয়া ও খোৎবা প্রদানসহ যাবতীয় ধর্মীয় দায়িত্বাবলী সুষ্ঠুভাবে পালনে সক্ষম হন। সদরুল আফযিল মুফতী সাহেবকে ধুরাজী চলে যাবার হিদায়ত করলেন। মুফতী সাহেবও তাই করলেন। 'মাদুরাসা-ই মিসকীনিয়া', ধুরাজীতে, বাহ্যিকভাবে দেখতে কমবয়স্ক মুফতী সাহেব মাদুরাসা ব্যবস্থাপকদেরকে তাঁর জ্ঞানগত পূর্ণতা ও মহাগুণীজনসুলভ আলাপ-আলোচনার মাধ্যমে একেবারে হতবাক করে দিয়েছিলেন। তখনই তাঁরা বলে উঠলেন, "সদরুল আফযিল" তো আমাদের নিকট 'বাহরুল উলুম' (জ্ঞান-সমুদ্র) পাঠিয়েছেন।" কিছুদিন পর শিক্ষাদানের খাতিরেই মুফতী সাহেব পুনরায় 'জামেয়া নঈমিয়া', মুরাদাবাদে তাশরীফ নিয়ে আসেন। মুরাদাবাদ থেকে তাঁকে ভক্তি শরীফ, জিলা, গুজরাত (পাকিস্তান)-এর সাইয়েদ জালাল উদ্দীন শাহ সাহেবের 'দারুল উলুম'-এ প্রেরণ করা হলো। এখানে তাঁর মন বসলো না। তাই তিনি তাঁর মাতৃভূমিতে ফিরে যাবার জন্য লাহোর আসলেন। তখনকার দিনে সাহেবযাদা সাইয়েদ মাহমুদ শাহ সাহেব (পীর বেলায়ত শাহ সাহেবের পুত্র) 'হিবুল আহনাফ', লাহোরে শিক্ষার্জন করছিলেন। তিনি সাইয়েদ আবুল বরকাত সাহেবের মাধ্যমে মুফতী সাহেবের খিদমতে দরখাস্ত করলেন যেন তিনি মাতৃভূমিতে ফিরে না গিয়ে গুজরাতের 'আঞ্জুমানে

খোদামুস সূফিয়াহ'র 'দারুল উলুম'-এ শিক্ষাদানের মহান দায়িত্বটি গ্রহণ করেন। কারণ, সেখানে একজন দক্ষ আলিমে দ্বীনের প্রয়োজন ছিলো। সুতরাং গুজরাতবাসীদের সৌভাগ্য যে, মুফতী সাহেব তাতে রাজী হয়ে যান। অতঃপর তিনি গুজরাতের এবং গুজরাতও তাঁর হয়ে র'য়ে গেলেন।

উপরিলিখিত দারুল উলুমে তিনি অন্ততঃ ১২/১৩ বছর যাবৎ শিক্ষকতা করেন। গুজরাতেই তিনি 'মসজিদ-ই গাউসিয়া' (চক, পাকিস্তান)-এ নিয়মিতভাবে বছরের পর বছর কোরআন মজীদের শিক্ষা দিতে থাকেন। দীর্ঘ ১৯/২০ বছরের প্রথমবারের মতো গোটা কোরআন মজীদের শিক্ষা দেওয়া হলো। অতঃপর দ্বিতীয় বার আরম্ভ করা হলো। তাঁর প্রতিষ্ঠিত 'দারুল উলুম গাউসিয়া নঈমিয়া'ও দীর্ঘকাল যাবৎ গুজরাতে ইলমে দ্বীনের আলো ছড়াতে থাকে।

ব্যক্তিত্ব : মুফতী সাহেবের ব্যক্তিত্বের অনন্য দিক এটাই ছিলো যে, তিনি সময়ের প্রতি অতিমাত্রায় গুরুত্ব দিতেন। আর নিজ কার্যাবলীতে সময়ের প্রতি খুবই যত্নবান ছিলেন। প্রতিটি কাজ খুবই সুন্দরভাবে নিজের নির্ধারিত সময়ে সম্পন্ন করে নিতেন। এমনকি, তাঁর নিত্য-নৈমিত্তিক কাজগুলো সম্পন্ন হতে দেখে মানুষ সময় নির্ণয় করে নিতে পারতেন। সব সময় সঠিক সময়ে মসজিদে তাশরীফ নিয়ে যেতেন। বলাবাহুল্য, তিনি ওই সব লোকের অন্তর্ভুক্ত ছিলেন, শরীয়ত যাদের স্বভাবে পরিণত হয়ে গেছে। নামায, কোরআন তিলাওয়াত, দুরূদ শরীফ পাঠ এবং হজ্জ ও যিয়ারতের প্রতি তাঁর অসাধারণ আগ্রহ ছিলো। তিনি কয়েকবার হজ্জ করেছিলেন এবং যিয়ারতের জন্যও তাশরীফ নিয়ে যান। তিনি সফররত থাকাকালেও তাহাজ্জুদ ইত্যাদি নিয়মিতভাবে সম্পন্ন করতেন। মোটকথা, তাঁর ব্যক্তিত্বকে পুরোপুরিভাবে বর্ণনা করার জন্য এই কয়েকটা পৃষ্ঠা অতি নগণ্যই।

হৃদয়-বিদারক ওফাত : ৩রা রমযানুল মুবারক, ১৩৯১ হিজরী মোতাবেক ২৪ই অক্টোবর, ১৯৭১ ইংরেজী মুফতী সাহেব কয়েকদিন হাসপাতালে থাকার পর আপন প্রকৃত স্রষ্টার সাথে মিলিত হন। তাঁর ইন্তিকালের কারণে ইসলামী বিশ্ব এক অতি উঁচু মানের দ্বীনী ব্যক্তিত্ব ও গৌরবময় লেখককে হারালো বটে, কিন্তু তাঁর জ্যোতিষ্মান প্রদীপ সব সময় আলো বিকিরিত করতে থাকবে। তাঁর ওরস প্রতি বছর ২৪ ও ২৫শে অক্টোবর তারই মাযার শরীফে, মুফতী আহমদ ইয়ার খান রোড, চক পাকিস্তান, গুজরাতে, অতি জাঁকজমক ও পূর্ণ ভক্তি সহকারে শরীয়তের আলোকে অনুষ্ঠিত হয়।

রহমান', 'ইসলামী শিক্ষণী', 'রহমতে খোদা ন-ওসীলা-ই-আউলিয়া', 'মু'আখ্খিম-ই তাকুরীর', 'মাওয়াই-ই নঈমিয়া', 'সফরনামা-ই হিজায় ও ক্বিবলাতান্না' (হজ্জ ও যিয়ারত), 'হযরত আমীর-ই মু'আবিয়া পর এক নযর', 'ফাতওয়া-ই নঈমিয়া', 'রসাইলে নঈমিয়া' এবং খোৎবারাজির সমষ্টি 'খোৎবাত-ই নঈমিয়া'ও বিশেষভাবে উল্লেখযোগ্য। বলাবাহুল্য, উপরোক্ত কিতাবগুলো দ্বীনী ইলম ও ধর্মীয় সভা-মজলিসসমূহে অত্যন্ত আগ্রহ, ভালোবাসা ও ভক্তি সহকারে পড়া হয়।

মুফতী সাহেবের সমস্ত কিতাবের প্রকাশনার মহান কাজটি তাঁর রেহের দৌহিত্র সাহেবযাদা ইফতিখার আহমদ খান ও মুফতী ওলী শওক্ ধারাবাহিকভাবে অতি পরিশ্রম ও আগ্রহ সহকারে চালিয়ে আসছেন। সর্বদা তাঁদের ইচ্ছাও এটাই রয়েছে যেন মুফতী সাহেবের এই অতি জনপ্রিয় কিতাবগুলো উন্নত থেকে উন্নততর আঙ্গিকে পাঠক সমাজের নিকট নিয়মিতভাবে পেশ করা হয়। আল্লাহরই জন্য সকল প্রশংসা, তাঁরা সফলতার সাথে তাঁদের এ মহান প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

শিক্ষাদান ও শিক্ষকতা : মুফতী সাহেব বিদ্যার্জন শেষ করা মাত্রই বিভিন্নস্থানে শিক্ষাদানের মহান ব্রত পালনে আত্মনিয়োগ করলেন। হযরত সদরুল আফযিল তাঁকে 'জামেয়া ন'ঈমিয়া, মুরাদাবাদ'-এর শিক্ষাদানের দায়িত্ব অর্পণ করেন। তিনিও নিজেই একজন 'উপযুক্ত শিক্ষক' হিসেবে প্রমাণ করে দিলেন। মুরাদাবাদে শিক্ষক থাকাকালে ধুরাজীর কাঠিয়াওয়ায়ে প্রতিষ্ঠিত 'মাদ্রাসা-ই মিসকীনিয়া'র পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে সদরুল আফযিলের দরবারে ধুরাজীতে এমন একজন বহুগুণে ওলী ও উচ্চ মানের আলিমে দ্বীন পাঠানোর জন্য দরখাস্ত করা হলো, যিনি শিক্ষাদান, ফাতওয়া ও খোৎবা প্রদানসহ যাবতীয় ধর্মীয় দায়িত্বাবলী সুষ্ঠুভাবে পালনে সক্ষম হন। সদরুল আফযিল মুফতী সাহেবকে ধুরাজী চলে যাবার হিদায়ত করলেন। মুফতী সাহেবও তাই করলেন। 'মাদ্রাসা-ই মিসকীনিয়া', ধুরাজীতে, বাহ্যিকভাবে দেখতে কমবয়স্ক মুফতী সাহেব মাদ্রাসা ব্যবস্থাপকদেরকে তাঁর জ্ঞানগত পূর্ণতা ও মহাওলীজনসুলভ আলাপ-আলোচনার মাধ্যমে একেবারে হতবাক করে দিয়েছিলেন। তখনই তাঁরা বলে উঠলেন, "সদরুল আফযিল তো আমাদের নিকট 'বাহরুল উলূম' (জ্ঞান-সমুদ্র) পাঠিয়েছেন।" কিছুদিন পর শিক্ষাদানের খাতিরেই মুফতী সাহেব পুনরায় 'জামেয়া ন'ঈমিয়া', মুরাদাবাদে তাশরীফ নিয়ে আসেন। মুরাদাবাদ থেকে তাঁকে ভক্তি শরীফ, জিলা, গুজরাত (পাকিস্তান)-এর সাইয়্যেদ জালাল উদ্দীন শাহ সাহেবের 'দারুল উলূম'-এ প্রেরণ করা হলো। এখানে তাঁর মন বসলো না। তাই তিনি তাঁর মাতৃভূমিতে ফিরে যাবার জন্য লাহোর আসলেন। তখনকার দিনে সাহেবযাদা সাইয়্যেদ মাহমুদ শাহ সাহেব (পীর বেলায়ত শাহ সাহেবের পুত্র) 'হিযবুল আহনাফ', লাহোরে শিক্ষার্জন করছিলেন। তিনি সাইয়্যেদ আবুল বরকাত সাহেবের মাধ্যমে মুফতী সাহেবের খিদমতে দরখাস্ত করলেন যেন তিনি মাতৃভূমিতে ফিরে না গিয়ে গুজরাতের 'আঞ্জুমানে

খোদামুস সূফিয়াহ'র 'দারুল উলূম'-এ শিক্ষাদানের মহান দায়িত্বটি গ্রহণ করেন। কারণ, সেখানে একজন দক্ষ আলিমে দ্বীনের প্রয়োজন ছিলো। সুতরাং গুজরাতবাসীদের সৌভাগ্য যে, মুফতী সাহেব তাতে রাজী হয়ে যান। অতঃপর তিনি গুজরাতের এবং গুজরাত ও তাঁর হয়ে র'য়ে গেলেন।

উপরিবিস্তৃতি দারুল উলূমে তিনি অস্ততঃ ১২/১৩ বছর যাবৎ শিক্ষকতা করেন। গুজরাতেই তিনি 'মসজিদ-ই গাউসিয়া' (চক, পাকিস্তান)-এ নিয়মিতভাবে বছরের পর বছর কোরআন মজীদের শিক্ষা দিতে থাকেন। দীর্ঘ ১৯/২০ বছরের প্রথমবারের মতো গোটা কোরআন মজীদের শিক্ষা দেওয়া হলো। অতঃপর দ্বিতীয় বার আরম্ভ করা হলো। তাঁর প্রতিষ্ঠিত 'দারুল উলূম গাউসিয়া ন'ঈমিয়া'ও দীর্ঘকাল যাবৎ গুজরাতে ইলমে দ্বীনের আলো ছড়াতে থাকে।

ব্যক্তিত্ব : মুফতী সাহেবের ব্যক্তিত্বের অনন্য দিক এটাই ছিলো যে, তিনি সময়ের প্রতি অতিমাত্রায় গুরুত্ব দিতেন। আর নিজ কার্যাবলীতে সময়ের প্রতি খুবই যত্নবান ছিলেন। প্রতিটি কাজ খুবই সুন্দরভাবে নিজের নির্ধারিত সময়ে সম্পন্ন করে নিতেন। এমনকি, তাঁর নিত্য-নৈমিত্তিক কাজগুলো সম্পন্ন হতে দেখে মানুষ সময় নির্ণয় করে নিতে পারতেন। সব সময় সঠিক সময়ে মসজিদে তাশরীফ নিয়ে যেতেন। বলাবাহুল্য, তিনি ওই সব লোকের অন্তর্ভুক্ত ছিলেন, শরীয়ত যাঁদের স্বভাবে পরিণত হয়ে গেছে। নামায, কোরআন তিলাওয়াত, দুর্গদ শরীফ পাঠ এবং হজ্জ ও যিয়ারতের প্রতি তাঁর অসাধারণ আগ্রহ ছিলো। তিনি কয়েকবার হজ্জ করেছিলেন এবং যিয়ারতের জন্যও তাশরীফ নিয়ে যান। তিনি সফররত থাকাকালেও তাহাজ্জুদ ইত্যাদি নিয়মিতভাবে সম্পন্ন করতেন। মোটকথা, তাঁর ব্যক্তিত্বকে পুরোপুরিভাবে বর্ণনা করার জন্য এই কয়েকটা পৃষ্ঠা অতি নগণ্যই।

হৃদয়-বিদারক ওফাত : ওরা রমযানুল মুবারক, ১৩৯১ হিজরী মোতাবেক ২৪ই অক্টোবর, ১৯৭১ ইংরেজী মুফতী সাহেব কয়েকদিন হাসপাতালে থাকার পর আপন প্রকৃত ব্রতের সাথে মিলিত হন। তাঁর ইন্তিকালের কারণে ইসলামী বিশ্ব এক অতি উচ্চ মানের দ্বীনী ব্যক্তিত্ব ও গৌরবময় লেখককে হারালো বটে, কিন্তু তাঁর জ্যোতিষ্মান প্রদীপ সব সময় আলো বিকিরিত করতে থাকবে। তাঁর ওরস প্রতি বছর ২৪ ও ২৫শে অক্টোবর তারই মাযার শরীফে, মুফতী আহমদ ইয়ার খান রোড, চক পাকিস্তান, গুজরাতে, অতি জাঁকজমক ও পূর্ণ ভক্তি সহকারে শরীয়তের আলোকে অনুষ্ঠিত হয়।

বঙ্গানুবাদক পরিচিতি

জন্ম : 'কানযুল ঈমান ও খাযাইনুল ইরফান'-এর বঙ্গানুবাদক আলহাজ্জ মাওলানা মুহাম্মদ আবদুল মান্নান চট্টগ্রাম জিলার রাউজান থানার ডাবুয়া গ্রামে, এয়াসীন নগর এলাকার আবাদকারী হিসেবে খ্যাত হযরত গাযী খলীফার ★ পুত্র হযরত গোলাম আলী খলীফার সম্ভ্রান্ত বংশে, বিংশ শতাব্দির ষাটের দশকের (১৯৬০ ইং) এক শুভদিনে (বৃহস্পতিবার) জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মৌলভী মুহাম্মদ এজহারুল হক, পিতামহ মৌলভী নবীর আহমদ এবং প্রপিতামহ স্বনামধন্য জনাব আসাদ আলী খলীফা। অনুবাদক, যুগশ্রেষ্ঠ ইসলামিক স্কলার ইমামে আহলে সুন্নাত, রাহনুমায়ে শরীয়ত ও তরীকুত, ওস্তাযুল ওলামা, শায়খুল হাদীস হযরতুল আলামা আলহাজ্জ ক্বাযী মুহাম্মদ নুরুল ইসলাম হাশেমী সাহেব মুদাযিনুল্ল আলী'র জামাতা।

শিক্ষা : তিনি প্রাথমিক শিক্ষা নিজ গ্রামেই সমাপ্ত করেন। তারপর উপমহাদেশের অন্যতম শ্রেষ্ঠ ও প্রসিদ্ধ দ্বীনী শিক্ষা প্রতিষ্ঠান 'জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলীয়া' থেকে 'দাখিল', 'আলিম', 'ফায়িল' ও 'কামিল' (মুহাদিস-১৯৭৮ ইং), অতঃপর চট্টগ্রামের প্রাচীনতম দ্বীনী শিক্ষা প্রতিষ্ঠান 'ওয়াজেদিয়া আলীয়া মাদ্রাসা' থেকে 'কামিল' (ফক্বী-১৯৭৯ ইং) অত্যন্ত কৃতিত্বের (মেধা তালিকাভুক্ত) সাথে উত্তীর্ণ হন। অতঃপর ১৯৮০ সনে চট্টগ্রাম সরকারী মহসিন কলেজ থেকে আই, এ, পাশ করেন এবং ১৯৮৩ সালে আলাওল কলেজ থেকে বি, এ (পাশ) সনদ লাভ করেন।

বলা বাহুল্য, তিনি শায়খুল হাদীস ওস্তাযুল ওলামা ইমামে আহলে সুন্নাত, হযরতুল আলামা আলহাজ্জ ক্বাযী মুহাম্মদ নুরুল ইসলাম হাশেমী সাহেব, গায্বালী-ই-যমান শায়খুল হাদীস ওস্তাযুল ওলামা হযরতুল আলামা আলহাজ্জ অধ্যক্ষ মুসলেহ উদ্দীন সাহেব, মুফতী-ই-যমান ওস্তাযুল ওলামা হযরতুল আলামা আলহাজ্জ অধ্যক্ষ মরহুম মুযাফ্ফর আহমদ সাহেব, ওস্তাযুল ওলামা হযরতুল আলামা আলহাজ্জ হাফেয ক্বারী অধ্যক্ষ মুহাম্মদ আবদুল জলীল সাহেব, মুহাদিসে যমান শায়খুল হাদীস হযরতুল আলামা মরহুম ফয়লুল করীম নক্শবন্দী সাহেব, মুহাদিসে যমান হযরতুল আলামা মরহুম ইয়াহুয়া সাহেব, মুহাদিসে যমান হযরতুল আলামা আবদুল আউয়াল ফোরকানী সাহেব, এবং মুফতী-ই আহলে সুন্নাত শেরে মিল্লাত আলহাজ্জ মুহাম্মদ ওবায়দুল হক নঈমী সাহেব প্রমুখ দেশবরেণ্য ও যুগশ্রেষ্ঠ ওলামা কেরাম ও বুয়র্গানে দ্বীনের ছাত্রত্ব লাভ করার সৌভাগ্য অর্জন করেন।

কর্মজীবন : দেশের অন্যতম প্রসিদ্ধ দ্বীনী শিক্ষা প্রতিষ্ঠান ছোবহানিয়া আলীয়া মাদ্রাসার শিক্ষকতা থেকে তাঁর কর্মজীবনের শুভ সূচনা হয়। ১৯৭৯ ইং থেকে ১৯৮৭ ইং পর্যন্ত এ মাদ্রাসায় মুহাদিস হিসেবে দ্বীনী শিক্ষাদানের মহান ব্রত পালন করেন। এরপর ১৯৯৫ ইংরেজীতে চট্টগ্রামস্থ আহছানুল উলুম আলীয়া মাদ্রাসায় কিছুদিন আরবী সাহিত্যের পাঠ দান করেন। তারপর ১৯৯৭ ইংরেজীতে চট্টগ্রাম গহিরা আলীয়া মাদ্রাসার উপাধ্যক্ষ পদে যোগদান করে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন।

ইত্যবসরে, তিনি দেশের সুন্নী মতাদর্শ ভিত্তিক মাসিক পত্রিকা 'তরজুমান-ই আহলে সুন্নাত ওয়াল জমায়াত'-এর সহকারী ও ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করেন।

১৯৮৭ সালে সংযুক্ত আরব আমীরাত (ইউ, এ, ই)'র দুবাইতে একটি প্রতিষ্ঠানে যোগদান করে তিনি তাঁর কর্মজীবনের আরেক অধ্যায়ের সূচনা করেন। ১৯৯১ ইংরেজীতে দুবাইর কেন্দ্রস্থলে একটি প্রাইভেট যৌথ ব্যবসাও আরম্ভ করেন। ইতোমধ্যে স্বদেশেও একটি গবেষণা ও প্রকাশনা প্রতিষ্ঠান ক্বায়েম করার পদক্ষেপ গ্রহণ করেন।

১৯৯১ ইংরেজীতে দুবাইর কেন্দ্র স্থলে 'সাদিয়া টাইপিং ইন্সটিটিউশন' নামের একটি প্রাইভেট ব্যবসা প্রতিষ্ঠান তিনি সম্পূর্ণ নিজ প্রচেষ্টায় প্রতিষ্ঠা করেছিলেন। এরপর ১৯৯৮ ইংরেজীতে একই ইমারতের দেয়া দুবাইতে 'আল-মারজান টাইপিং ইন্সটিটিউশন' নামের আরেকটি প্রতিষ্ঠান ক্বায়েম করে বিগত ২০০৩ ইংরেজী পর্যন্ত তা পরিচালনা করেন।

লেখালেখি :

১. চট্টগ্রাম ছোবহানিয়া আলীয়া মাদ্রাসায় শিক্ষকতাকালে চট্টগ্রাম থেকে নিয়মিত প্রকাশিত 'মানিক তরজুমান-ই আহলে সুন্নাত ওয়াল জমায়াত'-এর সহকারী ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করেন। (১৯৭৯-১৯৮৭ ইং)
২. ইতোমধ্যে চট্টগ্রাম বেতার কেন্দ্রে 'ধর্মীয় কথিকা' লিখন ও পঠনের সুযোগ পান। (১৯৮০-১৯৮৭ ইং)
৩. তা'ছাড়া পত্র-পত্রিকায় ও ম্যাগাজিনে স্বনামে ও ছদ্মনামে লেখালেখি করেন।
৪. এ পর্যন্ত কয়েকটি ধর্মীয় বই-পুস্তক অনুবাদ সম্পাদনা ও প্রণয়ন করেছেন। তন্মধ্যে নিম্নলিখিত বইগুলোর কথা বিশেষভাবে উল্লেখযোগ্য :

ক) অনূদিত :

১. তরজমা-ই কোরআন ও তাফসীর 'কানযুল ঈমান ও খাযাইনুল ইরফান', মূল লেখক- আ'লা হযরত ইমাম শাহ মুহাম্মদ আহমদ রেয়া খান বেরলভী ও সদরুল আফায়িল সৈয়দ নঈম উদ্দীন মুরাদাবাদী (ভারত) [রাহমাতুল্লাহি আলায়হিমা]। ১২০০ পৃষ্ঠায় ১ ও ৩ খণ্ডে প্রকাশিত।
২. তরজমা-ই কোরআন ও তাফসীর 'কানযুল ঈমান ও নুরুল ইরফান'। মূল লেখক- যথাক্রমে, আ'লা হযরত ইমাম শাহ মুহাম্মদ আহমদ রেয়া খান বেরলভী ও হাকীমুল উম্মত মুফতী আল্লামা আহমদ ইয়ার খান নঈমী (পাকিস্তান) [রাহমাতুল্লাহি আলায়হিমা]। ১৮০০ পৃষ্ঠায় ২ খণ্ডে প্রকাশিত।
৩. 'ফয়যানে সুন্নাত'। মূল লেখক- আমীর-ই আহলে সুন্নাত, মাওলানা মুহাম্মদ ইলিয়াস ক্বাদেরী (পাকিস্তান) [মুদাযিনুল্ল আলী]। ১১৮৪ পৃষ্ঠায় প্রকাশিত।
৪. 'ফয়যানে রমযান'। মূল লেখক- আমীর-ই আহলে সুন্নাত, মাওলানা মুহাম্মদ ইলিয়াস ক্বাদেরী, পাকিস্তান [মুদাযিনুল্ল আলী]। ৫১০ পৃষ্ঠায় প্রকাশিত।
৫. 'বরকাতে মীলাদ শরীফ' মূল লেখক- মাওলানা শফি উকাড়ভী (পাকিস্তান), ৬. 'নূরের নবীই মানবরূপে' [পায়করে নূর (উর্দু)], প্রকাশিত।
৭. 'আঁধার থেকে আলোর দিকে' (আন্ধারে সে উজ্জালে কী তরফ (উর্দু)], প্রকাশিত।
৮. 'দেওবন্দী আলিমগণ ও য়ার প্রশংসায় পঞ্চমুখ' (ইমাম মুহাম্মদ আহমদ রেয়া খান বেরলভী) প্রকাশিত।

★ স্বীকৃতি (প্রতিনিধি) : 'তদানীন্তন নবাব কর্তৃক প্রদত্ত উপাধি। তাঁর অগাধ ধর্মীয় জ্ঞান-পাণ্ডিত্য ও অসাধারণ ব্যক্তিত্বের কারণে তিনি এ সম্মানজনক উপাধি ও প্রতিনিধিত্ব প্রাপ্ত হন।

খ) প্রণীত :

১. 'হজ্জ বাইতুল্লাহ ও যিয়ারতে মদীনা মুনাওয়রাহ' [সচিত্র পূর্ণাঙ্গ হজ্জ গাইড]। ২. মোং দেলাওয়ার হোসাইন সাঈদীর ভ্রাতৃ তাফসীরের স্বরূপ উন্মোচন, ৩. 'শিয়া ও মওদুদী মতবাদের পারস্পরিক সম্পর্ক'।
বহির্বিষয় সফর :

১. চাকুরী ও ব্যবসার উদ্দেশ্যে দুবাই (ইউ.এ.ই.) যাত্রা করেন ১৯৮৭ ইংরেজীর ১৬ই মে। আজ পর্যন্ত সেখানকার ভিসা ধারণ করছেন। চাকুরি ও ব্যবসা সংক্রান্ত কাজে সেখানেই বেশির ভাগ সময় অবস্থান করেন।
২. ১৯৮৯ ইং, ১৯৯০ ইং, ১৯৯৩ ইং ও ১৯৯৮ ইংরেজীতে পবিত্র হজ্জ পালনের উদ্দেশ্যে মক্কা ও মদীনা শরীফ (সৌদী আরব) সফর করেন।
৩. ১৯৯৯ ইংরেজীতে 'এরাবিয়ান গার্ল'-এর অন্যতম রাষ্ট্র কাতার সফর করেছেন।
৪. ২০০২ ইংরেজীতে 'দাওয়াতে ইসলামী' কর্তৃক বিশ্ব ইজতিমায় আমন্ত্রিত হয়ে পাকিস্তানের মুলতান, লাহোর ও করাচি সফর করেন।

সামাজিক/প্রাতিষ্ঠানিক অবদান :

ক) স্বদেশ :

১. 'বাংলাদেশ ইসলামী ছাত্রসেনা'র প্রতিষ্ঠাতা আহ্বায়ক ও পরে সভাপতি হিসেবে দায়িত্ব পালন। (১৯৮০-১৯৮৬) বর্তমানে এ সংগঠন 'বাংলাদেশ ইসলামী ফ্রন্ট' নামক রাজনৈতিক দলের অঙ্গ (ছাত্র) সংগঠন।
২. 'গুলশান-ই হাবীব ইসলামী কমপ্লেক্স', চট্টগ্রাম-এর প্রতিষ্ঠা সিনিয়র সহ-সভাপতি। (১৯৯০ ইংরেজীতে প্রতিষ্ঠিত)
৩. ইমাম আহমদ রেযা রাহমাতুল্লাহি আলাইহির জীবন ও কর্মের গবেষণা বিষয়ক প্রতিষ্ঠান আ'লা হযরত ফাউন্ডেশন, বাংলাদেশ-এর উপদেষ্টা।
৪. 'রেযা রিসার্চ এণ্ড পাবলিকেশন্স; চট্টগ্রাম' এর প্রতিষ্ঠাতা ও পরিচালক। (স্থাপিত-২০০০ ইং সালের ১লা জানুয়ারী।) [বর্তমানে ইমাম আহমদ রেযা রিসার্চ একাডেমী, চট্টগ্রাম]

খ) বিদেশে :

দুবাই নগরীর কেন্দ্রস্থলে প্রবাসী বাংলাদেশীদের নিয়ে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে 'বাংলাদেশী মুসলিম জনকল্যাণ সংস্থা' (স্থাপিত-১৯৮৯ ইং) নামে একটি ধর্মীয় ও সমাজ কল্যাণমূলক সংগঠনের অন্যতম প্রতিষ্ঠাতার ভূমিকা পালন করেন। আর প্রতিষ্ঠালগ্ন থেকে সংস্থার বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন।

বায় 'আত গ্রহণ : উপমহাদেশের প্রখ্যাত ও কামিল ওলী, পাকিস্তান, ভারত ও বাংলাদেশ ইত্যাদির লক্ষ লক্ষ মুসলমানের আধ্যাত্মিক পেশোয়া (পথ-নির্দেশক) হযরতুল আল্লামা সৈয়দ মুহাম্মদ তৈয়্যাব শাহ সাহেব (রাহমাতুল্লাহি আলাইহি)র হাতে বা'আতের সুন্নাহ পালন করেন বিগত ১৯৭৬ ইংরেজীতে। আপন মূর্শিদে বরহকের আধ্যাত্মিক নির্দেশনা ও দো'আ তাঁর জীবনের অন্যতম পথ-নির্দেশক ও পাথর বলে তিনি বিশ্বাস করেন।

গণীজন হিসেবে স্বীকৃতিপ্রাপ্তি :

কর্মজীবনের শ্রেষ্ঠ অবদান আ'লা হযরত ইমাম আহমদ রেযা খান

(রাহমাতুল্লাহি তা'আলা আলাইহি) কৃত 'কানযুল ইমান' এর সাথে সংযোজিত দু'টি তাফসীর 'খাযাইনুল ইরফান' এবং 'নূরুল ইরফান'-এর বঙ্গানুবাদ সহ বহুমুখী খিদমতের নিরিখে 'রেযা ইসলামিক একাডেমী বাংলাদেশ' তাঁকে (২০০৩ ইং) গণীজন হিসেবে আনুষ্ঠানিকভাবে সংবর্ধনা দিয়েছে।

উল্লেখ্য, ইতোপূর্বে তাঁকে প্রসিদ্ধ 'আদর্শ লেখক ফোরাম' [আলিফ]ও তাঁর বিভিন্ন অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে 'গণীজন' হিসেবে সংবর্ধনা দেন।

কোরআনের অনুবাদ/তাফসীরের বঙ্গানুবাদের উদ্দেশ্য :

পাক-বাংলা-ভারত উপমহাদেশে পবিত্র কোরআনের অনুবাদের সূচনা হয় উর্দু ও ফার্সী ভাষায়। বাংলাদেশে মাওলানা আমীর উদ্দীন (বসুনিয়া) ও মাওলানা নঈম উদ্দীন (টাঙ্গাইল) প্রমুখ বাংলা ভাষায় আল-কোরআনুল করীমের বঙ্গানুবাদের সূচনা করলেও তাঁদের সেই অনুবাদ দীর্ঘদিন থেকে দুর্বল হয়ে আছে। বাজারে যেসব বাংলা অনুবাদ ও তাফসীর রয়েছে সেগুলোর অধিকাংশই ভারত ও পাকিস্তানে প্রকাশিত উর্দু ভাষা থেকে অনূদিত। ওই অনুবাদগুলোতেও রয়েছে বহু বিতর্কিত কথাবার্তা। উপমহাদেশে কোরআন-ই পাকের অনুবাদ ও তাফসীরের পরম্পরায় আ'লা হযরত ইমাম আহমদ রেযা খান বেরলভীর অনুবাদ 'কানযুল ইমান' উর্দু ভাষায় নির্ভুল ও শ্রেষ্ঠ অনুবাদ হিসেবে বিবেচিত হয়। তদসঙ্গে, সদরুল আফযিল সৈয়দ নঈম উদ্দীন মুরাদাবাদী ও হাকীমুল উম্মত মুফতী আহমদ ইয়ার খান নঈমী কৃত তাসফীর যথাক্রমে, 'খাযাইনুল ইরফান' ও 'নূরুল ইরফান' উপমহাদেশের সাধারণ ও বিশেষ মহলে বিশেষভাবে সমাদৃত হয়েছে। সুতরাং সেই 'অনুবাদ' ও 'তাফসীর' দু'টি বাংলা ভাষায় অনূদিত হলে বাংলাভাষী কোরআনের জ্ঞান-পিপাসুগণ বিশেষভাবে উপকৃত হওয়া নিশ্চিত। সুতরাং তিনি এ দু'টি 'তরজমা-তাফসীর'-এরই সরল বাংলায় অনুবাদ করেন।

বিগত ১৯৯৫ ইংরেজীতে 'কানযুল ইমান ও খাযাইনুল ইরফান' প্রকাশিত হয়েছে। উল্লেখ্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রবীন অধ্যাপক ড. মুহাম্মদ রশিদ-এর গবেষণানুসারে এটাই হচ্ছে বৃহত্তর চট্টগ্রামে কারো সর্বপ্রথম সম্পূর্ণ কোরআনের প্রথম অনুবাদ ও তাফসীর। তাই ড. মুহাম্মদ রশিদ সাহেব বঙ্গানুবাদক মহোদয়কে 'সাইয়্যাদুল মুতারজিমীন' উপাধিতেও ভূষিত করেন উক্ত তরজমা ও তাফসীরের অনুবাদ-গ্রন্থের আনুষ্ঠানিক প্রকাশনা উৎসবে।

বাকী রইলো শেষোক্ত গ্রন্থটো। এখানে সবিশেষ উল্লেখ্য যে, 'কানযুল ইমান ও খাযাইনুল ইরফান'-এর অনুবাদ কর্ম ও প্রকাশনার সূচনালাগ্নে অনুবাদক আপন মূর্শিদে কামিল হযরতুল আল্লামা হযূর কেবলা সৈয়দ মুহাম্মদ তৈয়্যাব শাহ রাহমাতুল্লাহি আলাইহির বরকতময় দরবারে দো'আর জন্য আবেদন জানালে হযূর কেবলা তজ্ঞনা খুশী হন। আর এর অব্যবহিত পরেই 'কানযুল ইমান ও নূরুল ইরফান'-এর বঙ্গানুবাদ ও প্রকাশনার বরকতময় নির্দেশ প্রদান করে বিশেষভাবে দো'আ করেন। আপন মূর্শিদে কামিলের এ বরকতময় নির্দেশ ও দো'আর উত্তর হয়ে বঙ্গানুবাদক আল্লাহ পাকের তাওফীকক্রমে ওই গ্রন্থটিরও অনুবাদ করে প্রকাশের উদ্যোগ গ্রহণ করলেন এবং তাতে সফলকাম হন।

এ উভয় গ্রন্থ বাংলাভাষী পবিত্র কোরআনের জ্ঞান-পিপাসুদের পরিচর্য্য করুক এবং মহান আল্লাহ লেখক ও পাঠক উভয়কে উভয় জাহানে ধনা করুন আর বঙ্গানুবাদককে তাঁর গবেষণা ও প্রকাশনা কর্মকে অব্যাহত রাখার তাওফীক দিন- এটাই একান্ত কামনা ও প্রার্থনা। আমীন!!

আ'লা হযরত কৃত তরজমা-ই কোরআন 'কান্যুল ঈমান' শ্রেষ্ঠ কেন?

আ'লা হযরত ইমাম মুহাম্মদ আহমদ রেযা রাহমাতুল্লাহি আলায়হি কৃত তরজমা-ই কোরআন 'কান্যুল ইমান' শ্রেষ্ঠ কেন?

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
نَحْمَدُهُ وَنُصَلِّي وَنُسَلِّمُ عَلَى حَبِيبِهِ الْكَرِيمِ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِينَ

কোরআন করীম আল্লাহ তা'আলার সর্বশেষ কিতাব ও মানব জাতির প্রতি আল্লাহ তা'আলার সর্বশেষ ও চূড়ান্ত পয়গাম। রসূলুল্লাহ সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এ মহান গ্রন্থের সংরক্ষণ ও লিপিবদ্ধ করার পূর্ণাঙ্গ ব্যবস্থা গ্রহণ করেন। এর প্রসার ও প্রচারে নিজের সারাটা বরকতময় জীবন ব্যয় করেন। এর প্রত্যেকটা ক্বানুন বা বিধান অনুসারে নিজেও কাজ করেন, অপরকেও তদনুযায়ী কাজ করার কঠোরভাবে তাকীদ দেন। বারংবার আপন মুবারক ও সংক্ষিপ্ত অথচ সারগর্ভ বাণীসমূহে এর প্রতি বিশেষ গুরুত্বারোপ করেন।

রসূল করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর ওই শোভাসমৃদ্ধ প্রচেষ্টাদির ভিত্তিতে কোরআন করীমকে প্রতিটি মুসলমান স্বীয় প্রাণের চেয়েও অধিক ভালোবাসেন। ওলামা কেলাম এর তাফসীর বা ব্যাখ্যা প্রদানের ক্ষেত্রে নিজেদের জীবনের অধিকাংশ সময় ব্যয় করেন।

কোরআন করীম যেহেতু আরবী ভাষায় অবতীর্ণ, সেহেতু দুনিয়ার প্রত্যেক ভাষাভাষী মুসলমানই সেটার অনুবাদ আপন আপন ভাষায় করেছেন। এ কারণে সারা দুনিয়ায় কোরআনের অনুবাদের সংখ্যা অগণিত। এ অনুবাদসমূহের প্রাচুর্য এ কথারই সুস্পষ্ট প্রমাণ বহন করে যে, আজতক কোরআন করীমের কোন ব্যাপক ও পূর্ণাঙ্গ 'অনুবাদ' অস্তিত্বে আসা সম্ভবপর হয় নি। আক্বা-ই দু'জাহান, সরকারে দু'আলম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম (আমার মাতাপিতা তাঁরই পাক চরণে কোরবান হোন!)-এর এই ফরমান মুবারক-

وَلَا يَخْلُقُ عَنْ كُفْرَةِ الرَّبِّ وَلَا يَقْبِضُ عَنْجَائِهِ

(অর্থাৎ না এর রহস্যাবলী নিঃশেষ হবে, না তা অধিক পাঠ-পর্যালোচনা ও বারংবার আবৃত্তির কারণে পুরাতন হবে।) অতি ব্যাপক মাহাত্ম্যবোধক। বস্তুতঃ এ মহান বাণী এরই প্রতি সুস্পষ্ট ইঙ্গিত দেয় যে, কোরআনের অনুবাদ ও তাফসীরসমূহ দুনিয়া স্থির থাকা পর্যন্ত চলতে থাকবে।

বাংলা-পাক-ভারত উপমহাদেশে কোরআন করীমের অনুবাদের অধিকাংশই উর্দু ভাষায় করা হয়েছে। এসব অনুবাদের অগ্রণী হলেন শাহ ওয়ালিউল্লাহ সাহেবের খানদান। এর পরও অনুবাদ হতে থাকে। সুতরাং এতে এ কথা প্রতীয়মান হয় যে, পূর্ববর্তী অনুবাদগুলো সম্পূর্ণ ছিলো না। বিশেষ করে, শাহ আবদুল ক্বাদেরের 'অনুবাদ' মাহাত্ম্যানুধাবনে একেবারেই অপূর্ণ। মৌলভী আশরাফ আলী খানভীর 'অনুবাদ' বুঝার জন্য কিছুটা অনুকূলে ছিলো, কিন্তু তাতে এ ত্রুটি ছিলো যে, অনুবাদ নিছক ভাসাভাসাভাবে করে দেওয়া হয়েছে। কতিপয় বিষয়, যেগুলো

অতীব গুরুত্বপূর্ণ ছিলো, সেগুলোকে তাতে উপেক্ষা করা হয়েছে। যেমন, প্রথমে এক শব্দ এক স্থানে যে অর্থ প্রদান করেছে অন্যস্থানেও খানভী সাহেবের অনুবাদে তা একই অর্থে ব্যবহার করা হয়েছে; অথচ তা সেখানে প্রযোজ্য ছিলো না। কারণ, কোরআন করীমের বর্ণনাভঙ্গীতে এক বিশেষ নিয়ম আছে, যা অন্য কোন ভাষায় পাওয়া যায় না। এর উপমা-উপমিতি, অলঙ্কারিক ইঙ্গিত ও তুলনাসমূহের ধরন পৃথিবীর সমস্ত ভাষারই ব্যতিক্রম।

উপরোক্ত বিবরণ এ প্রশ্নের জন্ম দেয় যে, কোরআন করীমের অন্য কোন ভাষায় যথাযথ অনুবাদ হতে পারে কিনা। এ প্রশ্নটার জবাব অতি সহজ- কোরআন করীমের যথাযথ হুবহু অনুবাদ অন্য কোন ভাষায়ই সম্ভবপর নয়। এমনকি, যদি আরবী ভাষারই সমার্থক শব্দাবলী ব্যবহৃত হয়, তবুও মাহাত্ম্য বহু দূরে গিয়ে দাঁড়ায়। আর কোরআনের প্রকৃত মাহাত্ম্যই তাতে অনুপস্থিত থেকে যায়। এ প্রসঙ্গে ইবনে ক্বোতায়বার অভিনব হচ্ছে- "কোরআন যেই বর্ণনাভঙ্গীতে অবতীর্ণ হয়েছে সেই বর্ণনাভঙ্গীর উদাহরণ সেটা নিজেই।" এ কারণে কোন অনুবাদকই কোরআন করীমের হুবহু অনুবাদ অন্য কোন ভাষায় যথাযথভাবে করতে পারে না। যেভাবে অনুবাদকগণ 'ইন্জিল শরীফ'-এর অনুবাদ 'সুরিয়ানী ভাষা থেকে 'হাবশী' ও 'কুর্দী' ইত্যাদি ভাষায় করে নিয়েছিলেন, তেমনিভাবে 'যাবুর' ও 'তাওরীত' এবং অন্যান্য খোদায়ী কিতাবাদির অনুবাদও আরবী ভাষায় করে নেওয়া হয়েছিলো। কারণ, অনারবীয় (عجمي) ভাষাগুলোর রূপকের (مجاز) ওই প্রশস্ততা নেই, যা আরবী ভাষায় রয়েছে। এ কারণে কোরআন করীমের যথাযথ অনুবাদ অন্য কোন ভাষায় করে নেওয়াও দুঃসাহ্য কাজ। কোরআন করীম থেকেই এর কতিপয় উদাহরণ পেশ করা হচ্ছে, যা দ্বারা এ কথা প্রতীয়মান হবে যে, কোরআন করীমের অনুবাদ করা কতই কঠিন ব্যাপার।

প্রথম আয়াতঃ

(সূরা আনফাল : আয়াত ৫৮)

وَأَسْأَلُكُمْ مِنْ قَوْمٍ خِيَانَةٌ فَأَنْذِرْهُمْ عَلَىٰ سَوَاءٍ
إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْخَائِنِينَ

বস্তুতঃ এখানে এমন প্রতিশব্দাবলী আনা সম্ভবপর নয়, যেগুলো ওই সব শব্দের বিস্তৃততম অনুবাদ হয় এবং ওই সব প্রতিশব্দে অনুরূপ মাধুর্যও পাওয়া যায়।

দ্বিতীয় আয়াতঃ

(সূরা কাহুফ : আয়াত ১১)

لَفْزُنَا عَلَىٰ أَذِلَّهُمْ لِي الْكُفَّ بِسَبِّ غَدَا

যদি কোরআনের এ বাণীকে যথাযথ প্রতিশব্দাবলীর আকারে উচ্চারণ করতে চান, তবে তা তো সম্ভবপর হবে না। তবে এর অর্থটা অবশ্য জানা যেতে পারে মাত্র।

সুতরাং এ থেকে একথা সুস্পষ্ট হলো যে, কোরআন করীমের অনুবাদ যথাযথভাবে করা যেতে পারে না। তাহলে কি এ কথাই বলে দেওয়া যথেষ্ট যে, “কোরআন করীমের যথাযথ অনুবাদ করা যেহেতু সম্ভবপর নয়, সেহেতু তা ত্যাগ করো!” কখনো নয়; বরং কোরআনের অনুবাদও করা যাবে, আর ব্যাখ্যা-তাকসীরও করা যাবে। তবে হাঁ, এ চেষ্টা অবশ্যই করতে হবে যেন ‘তরজমা’ ও ‘তাকসীর’ (অনুবাদ ও ব্যাখ্যা) বিতর্ক হয়।

কিন্তু উক্ত অনুবাদকণণ যে বিশেষ বিষয়কে উপেক্ষা করেছেন, তা হচ্ছে— তাঁরা আ-হযরত সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়া আলা আলিহী ওয়া আসহাবিহী ওয়াসাল্লামকে (ফিদাহ্ আবী ওয়া উম্মী) যেখানে কোরআনে সম্বোধন করা হয়েছে সেখানে অনুবাদের ক্ষেত্রে ওই আদব বা শালীনতা বজায় রাখেন নি, যা হযর মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লাম-এর শানে শোভা পায়; বরং তাঁদের অনুবাদে এক প্রকার ব্যাধিই থেকে গেছে বলা যায়। সে কারণে উক্ত সব তরজমা দেখে আল্লাহর রসূলের প্রেমিক ও আশিকগণ অন্তরে দুঃখ পান। তাছাড়া, এসব অনুবাদে কোন কোন স্থানে আল্লাহ রাব্বুল ইয্যাত যুল জালালি ওয়াল ইক্রাম-এর জন্যও এমন শব্দাবলী ব্যবহার করা হয়েছে, যেগুলো আল্লাহর মহা মর্যাদায় মোটেই শোভা পায় না; বরং তাঁর জন্য ওই সমস্ত শব্দের ব্যবহার করা বেয়াদবীরই শামিল। অথচ যে কোন ভাষার অপরাপর ভাষায় অনুবাদ করার জন্য ওই ভাষার আদাব বা নিয়মাবলীর প্রতি লক্ষ্য রাখাও বাঞ্ছনীয়। কোরআন করীমে বিভিন্ন স্থানে একই শব্দ ব্যবহৃত হলেও বাচনভঙ্গি ও পারিপার্শ্বিক অবস্থাদি অনুসারে সেটার অর্থও ভিন্ন হয়ে থাকে। যদি প্রতিটি স্থানে একই অর্থ গ্রহণ করা হয়, তবে মাহাত্ম্য সঠিক হবে না। নিম্নে এমন সব শব্দের কয়েকটা দৃষ্টান্ত দেওয়া হলো:

خدع-مكر-هدى-علم-ضال-وحى-مؤمن-شاکر

এতদ্ব্যতীত, আরো এমন বহু শব্দ রয়েছে, যেগুলোর অর্থ স্থানভেদে ভিন্ন ভিন্ন হয়। আল্লাহ তা‘আলা কোরআন মজীদে হযর সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লামকে (মধ্যম পুরুষ একবচন-এর সর্বনাম) দ্বারা সম্বোধন করেছেন। কিন্তু এর অর্থ এটা অবশ্যই নয় যে, অনুবাদ করার সময় উর্দু ভাষায়ও ওই শব্দ ব্যবহৃত হবে। উর্দু ভাষায় ‘تو’ (তু) দ্বারা বড়কে সম্বোধন করা বে-আদবী। অবশ্য আল্লাহ তা‘আলার জন্য (তু) ব্যবহার করা যেতে পারে। কারণ, তিনি মালিক ও স্রষ্টা এবং বান্দাদের অন্তরের খবর জানেন। কিন্তু হযর সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লাম-এর জন্য ‘تو’ (তু) ব্যবহার করা উর্দু ভাষায় শালীনতার পরিপন্থী।

উপরোক্ত কতিপয় শব্দের ব্যাখ্যা ও যথাযথ অর্থের ব্যবহার নিম্নে

